সাইয়্যেদেনা হযরত আলী রাদিআল্লাহু আনহু বর্ণনা করেন, একবার আমি হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দরবারে উপস্থিত ছিলাম। তখন হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, মহিলাদের জন্য কোন জিনিসটি উত্তম? এতে সাহাবায়ে কেরাম রাদিআল্লাহু আনহু নীরবতা অবলম্বন করলেন। যখন আমি বাড়ীতে প্রত্যাবর্তন করলাম, তখন ফাতেমা রাদিআল্লাহু আনহাকে জিজ্ঞাসা করলাম, বল, কোন জিনিসটি মহিলাদের জন্য উত্তম? উত্তরে ফাতেমা রাদিআল্লাহু আনহা বললেন, মহিলাদের জন্য সর্বোৎকৃষ্ট জিনিস হচ্ছে যে, ভিনপুরুষ যেন তাকে না দেখে। এ বিষয়টি আমি হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট বললাম। তখন হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ফাতেমা আমার শরীরের অংশ।[২৪]

৫৯. যাহাবী, সি'আরু আলঅমিন নুবালা, ৫:৯০
৬০. যাহাবী, সি'আরু আলঅমিন নুবালা, ১৯:৪৮৮
৬১. যাহাবী, মু'জামুল মুহাদ্দেসিন, পৃ. ৯
৬২. মুযী, তাহযিবুল কামাল, ২২:৫৯৯
৬৩. মুযী, তাহযিবুল কামাল, ৩৫:২৫০
৬৪. দারু কুতনী, সুয়ালাতু হামযা, পৃ. ৮০, হাদীস : ৪০৯
৬৫. ইবনে যওজী, তাযকেরাতুল খাওয়াস, পৃ. ২৭৯
৬৬. সাখাবী, ইসতিজলাবু ইরতিকায়িল গুরুফ বি-হুব্বি আকরাবায়িল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও জবিশ শরফ, পৃ. ৯৭

[২৩] ১. ইবনে আবী শায়বা, আল-মুসান্নাফ, ৬:৩৮৮, হাদীস : ৩২২৫৯
২. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৫৫ ও ৭৫৬, হাদীস : ১৩২৬
৩. মুহিব্বুত তাবারী, যখায়িরুল উকবা ফি মানাকিবি যবিল কুবরা, পৃ. ৮০, ৮১

[২৪] ১. বাযযার, আল-মুসনাদ, ২:১৬০, হাদীস : ৫২৬

৯ম পরিচ্ছেদ

كَانَ النَّبِيُّ ﷺ يَقُومُ لِفَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا وَيُرَحِّبُ بِهَا وَيُقَبِّلُ يَدَهَا وَيُجْلِسُهَا فِيْ مَكَانِهِ عِنْدَ قُدُوْمِهَا إِلَيْهِ حُبًّا لَّهَا

হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার আগমনে প্রীতিস্বরূপ দাঁড়িয়ে যেতেন, হাতে চুমু খেতেন এবং স্বীয় আসনে তাঁকে বসাতেন

٢٣. عَنْ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِيْنَ : قَالَتْ ... كَانَ رَسُوْلُ اللهِ ﷺ إِذَا رَآهَا قَدْ أَقْبَلَتْ رَحَّبَ بِهَا، ثُمَّ قَامَ إِلَيْهَا فَقَبَّلَهَا، ثُمَّ أَخَذَ بِيَدِهَا فَجَاءَ بِهَا حَتَّى يُجْلِسَهَا فِيْ مَكَانِهِ. وَكَانَتْ إِذَا رَأَتِ النَّبِيَّ ﷺ رَحَّبَتْ بِهِ، ثُمَّ قَامَتْ إِلَيْهِ فَقَبَّلَتْهُ.

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন, হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন হযরত ফাতেমা রাদিআল্লাহু আনহাকে আসতে দেখতেন, তখন তাকে স্বাগতম জানাতেন। অতঃপর তার সম্মানে দাঁড়িয়ে যেতেন, তাকে চুমু দিতেন এবং তার হাত ধরে তাকে স্বীয় আসনে বসাতেন। আর যখন ফাতেমা হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিজের দিকে আসতে দেখতেন, তখর তিনিও তাকে স্বাগতম জানাতেন। অতঃপর দাঁড়িয়ে হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে চুমু দিতেন।[২৫]

২. হায়সমী, মাজমাউয যাওয়ায়েদ, ৪:২৫৫
৩. হায়সমী, মাজমাউয যাওয়ায়েদ, ৯:২০২
৪. আবু নায়ীম, হুলয়াতুল আওলিয়া ওয়া তাবকাতুল আসফিয়া, ২:৪০-৪১ ও ১৭৫
৫. দারু কুতনী, সওয়ালাতে হামযা, পৃ. ২৮০, হাদীস : ৪০৯

[২৫] ১. নাসায়ী, আস-সুনান আল-কুবরা,, ৫:৩৯১, ৩৯২, হাদীস : ৯২৩৬ ও ৯২৩৭
২. ইবনে হিব্বান, আস সহীহ, ১৫:৪০৩, হাদীস : ৬৯৫৩
৩. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৬৭, হাদীস : ২৯৬৭
৪. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৪:২৪২, হাদীস : ৪০৮৯

٢٤. عَنْ أُمِّ الْمُؤْمِنِيْنَ عَائِشَةَ ﷺ، أَنَّهَا قَالَتْ : ... وَكَانَتْ (فَاطِمَةُ) إِذَا دَخَلَتْ عَلَيْهِ رَحَّبَ بِهَا وَقَامَ إِلَيْهَا فَأَخَذَ بِيَدِهَا فَقَبَّلَهَا وَأَجْلَسَهَا فِيْ مَجْلِسِهِ.

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন, ফাতেমা রাদিআল্লাহু আনহা যখন নবীর দরবারে উপস্থিত হতেন, তখন হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে স্বাগতম জানাতেন, দাঁড়িয়ে অভ্যর্থনা জানাতেন, তার হাত ধরে তাকে চুমু দিতেন এবং (ফাতেমা রাদিআল্লাহু আনহাকে) স্বীয় আসনে বসাতেন।[২৬]

٢٥. عَنْ أُمِّ الْمُؤْمِنِيْنَ عَائِشَةَ ﷺ، أَنَّهَا قَالَتْ : ... وَكَانَتْ (فَاطِمَةُ) إِذَا دَخَلَتْ عَلَيْهِ قَامَ إِلَيْهَا فَقَبَّلَهَا وَرَحَّبَ بِهَا وَأَخَذَ بِيَدِهَا فَأَجْلَسَهَا فِيْ مَجْلِسِهِ وَكَانَتْ هِيَ إِذَا دَخَلَ عَلَيْهَا رَسُوْلُ اللهِ ﷺ قَامَتْ إِلَيْهِ مُسْتَقْبِلَةً وَقَبَّلَتْ يَدَهُ.

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন যে, ফাতেমা রাদিআল্লাহু আনহা যখন নবীর দরবারে উপস্থিত হতেন, তখন হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দাঁড়িয়ে অভ্যর্থনা জানাতেন, চুমু দিতেন, স্বাগতম জানাতেন এবং তার হাত ধরে (ফাতেমাকে রাদিআল্লাহু আনহা) স্বীয় আসনে বসাতেন। অপরদিকে হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন হযরত ফাতেমার নিকট তাশরিফ নিতেন, তখন ফাতেমাও তার সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অভ্যর্থনার জন্য দাঁড়িয়ে যেতেন এবং হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাত মুবারকে চুমু দিতেন।[২৭]

৫. হাকেম, আল-মুসতাদরাক, ৪:৩০৩, হাদীস : ৭৭১৫
৬. বুখারী, আল-আদাবুল মুফরাদ, পৃ. ৩২৬, হাদীস : ৯৪৭
৭. দুলাবী, আয যুর্রিয়াতুত তাহিরাহ, পৃ. ১০০, হাদীস : ১৮৪

[২৬] ১. হাকেম, আল-মুসতাদরক, ৩:১৬৭, হাদীস : ৪৭৩২
২. নাসায়ী, ফাযায়িলুস সাহাবা, পৃ. ৭৮, হাদীস : ২৬৪
৩. ইবনে রাহওয়্যিাহ, আল-মুসনাদ, ১:৮, হাদীস : ৬
৪. বায়হাকী, আস-সুনান আল-কুবরা, ৭:১০১
৫. বায়হাকী, শু'আবুল ঈমান, ৬:৪৬৭, হাদীস : ৮৯২৭
৬. মুকরী, তাকবিলুল য়াদ, পৃ. ৯১
৭. আসকালানী, ফতহুল বারী, ১১:৫০; এতে তিনি বলেন, হাদিসটি আবু দাউদ এবং তিরমিযী বয়ান করেছেন এবং একে হাসান বলেছেন অথচ ইবনে হিব্বান আর হাকেম হাদিসটিকে সহীহ বলেছেন।

[২৭] ১. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৭৪, হাদীস : ৪৭৫৩

১০ম পরিচ্ছেদ

بَسَطَ النَّبِيَّ ﷺ شَمْلَتَهُ لِفَاطِمَةَ الزَّهْرَاءِ سَلَامُ اللهِ عَلَيْهَا

হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত ফাতেমাতুয্ যাহরা সালামুল্লাহ আলাইহার উপবেশনের জন্য নিজের চাদর বিছিয়ে দিতেন

٢٦. عَنْ عَلِيٍّ أَنَّهُ دَخَلَ عَلَى النَّبِيِّ ﷺ وَقَدْ بَسَطَ شَمْلَةً، فَجَلَسَ عَلَيْهَا هُوَ وَفَاطِمَةُ وَعَلِيٌّ وَالْحَسَنُ وَالْحُسَيْنُ، ثُمَّ أَخَذَ النَّبِيُّ ﷺ بِمَجَامِعِهِ فَعَقَدَ عَلَيْهِمْ، ثُمَّ قَالَ : «اَللّٰهُمَّ أَرْضَ عَنْهُمْ كَمَا أَنَا عَنْهُمْ رَاضٍ».

হযরত আলী হতে বর্ণিত যে, একবার তিনি হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দরবারে উপস্থিত হলেন, তখন হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চাদর বিছানো অবস্থায় ছিলেন। অতঃপর এর ওপর হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, হযরত আলী, হযরত ফতেমা, হযরত হাসান এবং হযরত হুসাইন রাদিআল্লাহু আনহু বসে গেলেন। এরপর হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চাদরের কিনারা ধরে চাদরটি তাদের ওপর ছড়িয়ে দিয়ে তাতে গিট লাগিয়ে দিলেন। অতঃপর বললেন, হে আল্লাহ! তুমি তাদের ওপর সন্তুষ্ট হয়ে যাও, যেভাবে আমি তাদের ওপর সন্তুষ্ট।[২৮]

২. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৮৫
৩. হায়সমী, মওয়ারিদুয জময়ান, পৃ. ৫৪৯, হাদীস : ২২২৩
৪. আসকালানী, ফতহুল বারী, ১১শ:৫০
৫. শাওকানী, দুররুস সাহাবা ফি মানাকিবিল উকবা ওয়াস সাহাবা, পৃ. ২৭৯, হাকেম রিওয়ায়তটিকে শায়খানের শর্তের ওপর সহীহ বলেছেন।

[২৮] ১. তাবরানী, আল-মু'জামুল আওসাত, ৫:৩৪৮, হাদীস : ৫৫১৪
২. হায়সমী, মজমাউজ যাওয়ায়েদ, ৯:১৬৯; এতে তিনি বলেন, হাদিসটি তাবারানী রিওয়ায়েত করেছেন। উবাইদ বিন তুফাইল ব্যতীত এর সকল রাবী সহীহ। তিনি সিকাহ তার উপনাম আবু সাঈদান।

১১শ পরিচ্ছেদ

بَدَايَةُ سَفَرِ النَّبِيِّ ﷺ مِنْ بَيْتِ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا وَانْتِهَائُهُ إِلَيْهَا

হযরত মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফরের শুরু এবং শেষ উভয়টিই হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার ঘর থেকে হতেন

٢٧. عَنْ ثَوْبَانَ مَوْلَى رَسُولِ اللهِ ﷺ قَالَ : كَانَ رَسُولُ اللهِ ﷺ إِذَا سَافَرَ كَانَ آخِرُ عَهْدِهِ بِإِنْسَانٍ مِنْ أَهْلِهِ فَاطِمَةَ، وَأَوَّلُ مَنْ يَدْخُلُ عَلَيْهَا إِذَا قَدِمَ فَاطِمَةَ.

হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আযাদকৃত গোলাম হযরত সাওবান রাদিআল্লাহু আনহু বর্ণনা করেন, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফরের ইচ্ছা করতেন, তখন স্বীয় পরিবারবর্গের মধ্য হতে সর্বশেষ যার সাথে কথোপকথন করে সফরে রাওয়ানা দিতেন, তিনি হচ্ছেন হযরত ফতেমা রাদিআল্লাহু আনহা। আর সফর হতে প্রত্যাগমন করে সর্বপ্রথম যার নিকট তাশরিফ নিতেন, তিনিও হচ্ছেন হযরত ফাতেমা রাদিআল্লাহু আনহা।[২৯]

٢٨. عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا : أَنَّ النَّبِيَّ ﷺ كَانَ إِذَا سَافَرَ كَانَ آخِرَ النَّاسِ عَهْدًا بِهِ فَاطِمَةُ، وَإِذَا قَدِمَ مِنْ سَفَرٍ كَانَ أَوَّلَ النَّاسِ بِهِ عَهْدًا فَاطِمَةُ رَضِيَ اللهُ عَنْهَا. فَقَالَ لَهَا رَسُوْلُ اللهِ ﷺ : «فِدَاكِ أَبِيْ وَأُمِّيْ».

হযরত আবদুল্লাহ ইবনে ওমর রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত যে, হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফরের ইচ্ছা করতেন, তখন স্বীয় পরিবারবর্গের মধ্য হতে সর্বশেষ যার সাথে কথোপকথন করে সফরে রওয়ানা

[২৯] ১. আবু দাউদ, আস সুনান, ৪:৮৭, হাদীস : ৪২১৩
২. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ৫:২৭৫
৩. বায়হাকী, আস-সুনান আল-কুবরা, ১:২৬
৪. যায়দ বাগদাদী, তারাকাতুন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, পৃ. ৫৭

দিতেন, তিনি হচ্ছেন হযরত ফাতেমা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। আর সফর হতে প্রত্যাগমন করে সর্বপ্রথম যার কাছে যেতেন, তিনি হচ্ছেন হযরত ফাতেমা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাতেমাকে বলতেন, (হে ফাতেমা!) আমার পিতা-মাতা তোমার ওপর উৎসর্গিত হোক।[৩০]

٢٩. عَنْ بْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ رَسُوْلُ اللهِ ﷺ إِذَا قَدِمَ مِنْ سَفَرٍ قَبَّلَ ابْنَتَهُ فَاطِمَةَ.

হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, হযরত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফর হতে প্রত্যাগমন করতেন, তখন নিজ কন্যা ফাতেমা রাদিআল্লাহু আনহাকে চুমু দিতেন।[৩১]

[৩০] ১. হাকেম, আল-মুসতাদরক, ৩:১৬৯, ১৭০, হাদীস : ৪৭৩৯, ৪৭৪০
২. হাকেম, আল-মুসতাদরক, ১:২২৪, হাদীস : ১৭৯৮
৩. হাকেম, আল-মুসতাদরক, ৩: ১৬৯, হাদীস : ৪৭৩৭; এতে হাদিসটি হযরত আবু ছা'লাবা খশনী হতেও সামান্য ভিন্ন শব্দে রিওয়ায়েত করেছেন।
৪. ইবনে হিব্বান, আস-সহীহ, ২:৪৭০, ৪৭১, হাদীস : ৬৯৬
৫. হায়সমী, মওয়ারিদুয জমআন, পৃ. ৬৩১, হাদীস : ২৫৪০
৬. ইবনে আসাকির, তারিখে দামিশক আল-কবীর, ৪৩:১৪১; এতে হযরত আবু ছা'লাবা খশনী হতে হাদিসটি বর্ণনা করেন।

[৩১] ১. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৪:২৪৮, হাদীস : ৪১০৫
২. আবু ইয়ালা, আল-মুসনাদ, ৪:৩৫২, হাদীস : ২৪৬৬
৩. হায়সমী, মাজমাউয যাওয়ায়েদ, ৮:৪২; এতে তিনি বলেন, তাবারানী আল-আওসাতে হাদিসটি রিওয়ায়েত করেছেন। এর রাবীসমূহ সিকাহ।
৪. ইবনে আসীর, উসুদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২১৯
৫. সুয়ূতী, আল-জামিউস সগীর ফি আহাদিসিল বশীরিন নযীর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, পৃ. ১৮৯, হাদীস : ৩০৩
৬. মুনাবী, ফয়জুল কদীর, ৫:১৫৫

১২শ পরিচ্ছেদ

فَاطِمَةُ سَلَامُ اللهِ عَلَيْهَا أَحَبُّ النَّاسِ إِلَى النَّبِيِّ ﷺ

হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহা বিশ্বভূবনে হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মুহাব্বতের বিশেষ কেন্দ্র

٣٠. عَنْ جُمَيْعِ بْنِ عُمَيْرٍ التَّيْمِيِّ، قَالَ دَخَلْتُ مَعَ عَمَّتِي عَلَى عَائِشَةَ، فَسُئِلَتْ أَيُّ النَّاسِ كَانَ أَحَبَّ إِلَى رَسُولِ اللهِ ﷺ؟ قَالَتْ : فَاطِمَةُ. فَقِيلَ : مِنَ الرِّجَالِ؟ قَالَتْ : زَوْجُهَا، إِنْ كَانَ مَا عَلِمْتُ صَوَّامًا قَوَّامًا.

হযরত জুমাই ইবনে উমায়র আততাইমী হতে বর্ণিত যে,তিনি বলেন, আমি আমার ফুফুর সাথে হযরত আয়েশারাদিআল্লাহু আনহার দরবারে উপস্থিত হলাম, অতঃপর জিজ্ঞাসা করলাম যে, কোন মানুষটি হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট সর্বাধিক প্রিয়? হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বললেন, ফাতেমা রাদিআল্লাহু আনহা। এতঃপর প্রশ্ন করা হল, পুরুষদের মধ্য হতে কে? উত্তরে বললেন, তারই স্বামী (হযরত আলী রাদিআল্লাহু আনহু)। আমার জানা মতে সে খুবই রোজা পালন করে এবং রাতে ইবাদত করার জন্যে অধিক পরিমাণ দণ্ডায়মান থাকে।[৩২]

٣١. عَنِ ابْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ قَالَ : كَانَ أَحَبَّ النِّسَاءِ إِلَى رَسُولِ اللهِ ﷺ فَاطِمَةُ، وَمِنَ الرِّجَالِ عَلِيٌّ.

[৩২] ১. তিরমিযী, আল-জামি আস-সহীহ, ৫:৭০১, হাদীস : ৩৮৭৪
২. তাবারানী, আল-মু'জামুল কবির, পৃ. ২২, ৪০৩-৪০৪, হাদীস : ১০০৮ ও ১০০৯
৩. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৭১, হাদীস : ৪৭৪৪
৪. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৭৭
৫. ইবনে আসীর, উসুদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২১৯
৬. যাহাবী, সি'আরু আলআমিন নুবালা, ২:১২৫
৭. মুযী, তাহযিবুল কামাল, ৪:৫১২
৮. শওকানী, দুররুস সাহাবা ফি মানাকিবিল কারাবাহ ওয়াস সাহাবা, পৃ. ২৭৩

হযরত ইবনে বুরাইদা স্বীয় পিতা হতে বর্ণনা করেন যে, তিনি বলেছেন,মহিলাদের মধ্য হতে হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট সর্বাধিক প্রিয় ছিলেন হযরত ফাতেমাতুয যাহরা রাদিআল্লাহু আনহা এবং পুরুষদের মধ্য হতে হযরত আলী মুরতাদা রাদিআল্লাহু আনহু।[৩৩]

٣٢. عَنْ أَبِى سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمٰنِ، عَنْ أَبِيهِ، أَخْبَرَنِى أُسَامَةُ بْنُ زَيْدٍ، قَالَ : كُنْتُ جَالِسًا عِنْدَ النَّبِىِّ ﷺ إِذْ جَاءَ عَلِىٌّ وَالْعَبَّاسُ يَسْتَأْذِنَانِ، فَقَالاَ : يَا أُسَامَةُ! اسْتَأْذِنْ لَنَا عَلَى رَسُولِ اللهِ ﷺ. فَقُلْتُ : يَا رَسُولَ اللهِ! عَلِىٌّ وَالْعَبَّاسُ يَسْتَأْذِنَانِ. فَقَالَ : «أَتَدْرِى مَا جَاءَ بِهِمَا»؟ قُلْتُ : لاَ أَدْرِىَ. فَقَالَ النَّبِىُّ ﷺ : «لَكِنِّى أَدْرِى». فَأَذِنَ لَهُمَا فَدَخَلاَ، فَقَالاَ : يَا رَسُولَ اللهِ! جِئْنَاكَ نَسْأَلُكَ أَىُّ أَهْلِكَ أَحَبُّ إِلَيْكَ؟ قَالَ : «فَاطِمَةُ بِنْتُ مُحَمَّدٍ».

হযরত আবু সালমা ইবনে আবদুর রহমান বর্ণনা করেন, হযরত উসামা ইবনে যাইদ রাদিআল্লাহু আনহু আমাকে বললেন যে, (একদিন রাসূলের দরবারে) আমি বসা অবস্থায় ছিলাম, তখন হযরত আলী ও আব্বাস রাদিআল্লাহু আনহুমা তশরিফ আনলেন। তাঁরা বললেন, হে উসামা! আমাদের জন্য হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে ভেতরে প্রবেশের অনুমতি প্রার্থনা কর। আমি আরজ করলাম, হে রাসূলুল্লাহ! হযরত আলী ও আব্বাস রাদিআল্লাহু আনহুমা (প্রবেশের) অনুমতি প্রার্থনা করছেন। হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি কি জান তারা কি জন্য এসেছে? আমি আরজ করলাম, জানিনা। অতঃপর হযরত রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি তা জানি, তাদেরকে আসতে দাও। সুতরাং তাঁরা উভয়ে ভেতরে প্রবেশ করলেন এবং আরজ করলেন যে, হে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমরা এ বিষয়টি অবগত হওয়ার জন্য উপস্থিত হয়েছি যে, আহলে বাইতের মধ্য হতে

[৩৩] ১. তিরমিযী, আল-জামি আস-সহীহ, ৫:৬৯৮, হাদীস : ৩৮৬৮
২. নাসায়ী, আস সুনানুল কুবরা ৫:১৪০, হাদীস : ৮৪৯৮; এতে তিনি হাদিসটি সামান্য ভিন্ন শব্দে রিওয়ায়েত করেছেন।
৩. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৭:১৯৯, হাদীস : ৭২৬২
৪. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৬৮, হাদীস : ৪৭৩৫
৫. যাহাবী, সি'আরু আলামিন নুবালা, ২:১৩১
৬. শওকানী, দুররুস সাহাবা ফি মানাকিবিল কারাবাহ ওয়াস সাহাবা, পৃ. ২৭৪

কে আপনার নিকট সর্বাধিক প্রিয়? উত্তরে হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ফাতেমা বিনতে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম।[৩৪]

٣٣. عَنْ أَبِى هُرَيْرَةَ، قَالَ : قَالَ عَلِىُّ بْنُ أَبِى طَالِبٍ : يَا رَسُولَ اللهِ! أَيُّنَا أَحَبُّ إِلَيْكَ أَنَا أَمْ فَاطِمَةُ؟ قَالَ : «فَاطِمَةُ أَحَبُّ إِلَىَّ مِنْكَ وَأَنْتَ أَعَزُّ عَلَىَّ مِنْهَا».

হযরত আবু হুরাইরা রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত যে, তিনি বলেছেন, হযরত আলী রাদিআল্লাহু আনহু (হুজুরের দরবারে) আরজ করলেন, হে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমি এবং ফাতেমা উভয়ের মধ্যে কে আপনার নিকট সর্বাধিক প্রিয়? উত্তরে হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ফাতেমা আমার নিকট তোমার চেয়ে প্রিয় এবং তুমি আমার নিকট তার চেয়ে অধিক স্নেহশীল।[৩৫]

٣٤. عَنِ ابْنِ أَبِى نَجِيحٍ عَنْ أَبِيهِ، قَالَ : أَخْبَرَنِى مَنْ سَمِعَ عَلِيًّا عَلَى مِنْبَرِ الْكُوفَةِ، يَقُولُ : ... فَدَخَلَ عَلَيْنَا رَسُولُ اللهِ ﷺ، فَجَلَسَ عِنْدَ رُؤُوسِنَا فَدَعَا بِإِنَاءٍ فِيهِ مَاءٌ فَأَتَى بِهِ فَدَعَا فِيهِ بِالْبَرَكَةِ، ثُمَّ رَشَّهُ عَلَيْنَا، فَقُلْتُ : يَا رَسُولَ اللهِ أَنَا أَحَبُّ إِلَيْكَ أَمْ هِيَ؟ قَالَ : «هِيَ أَحَبُّ إِلَىَّ مِنْكَ ، وَأَنْتَ أَعَزُّ عَلَىَّ مِنْهَا».

[৩৪] ১. তিরমিযী, আল-জামি আস-সহীহ, ৫:৬৭৮, হাদীস : ৩৮১৯
২. বাযযার, আল-মুসনাদ, ৭:৭১, হাদীস : ২৬২০
৩. তায়ালিসী, আল-মুসনাদ, পৃ. ৮৮, হাদীস : ৬৩৩
৪. তাবারানী, আল-মু'জামুল কবির, ২২:৪০৩, হাদীস : ১০০৭
৫. হাকেম, আল-মুসতাদরাক, ২:৪৫২, হাদীস : ৩৫২৬
৬. মুকাদ্দেসী, আল-আহাদিসুল মুখতারা, ৪:১৬০-১৬২, হাদীস : ১৩৭৯ ও ১৩৮০
৭. ইবনে কসীর, তাফসিরুল কুরআনিল আযীম, ৩:৪৮৯-৪৯০
৮. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৭৮; হাদিসটি হাসান।

[৩৫] ১. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৭:৩৪৩, হাদীস : ৭৬৭৫
২. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:১৭৩; এতে তিনি বলেন, হাদিসটি তাবারানী আল-আওসাতের মধ্যে রিওয়ায়েত করেছেন। আর এর সনদে সালমা ইবনে উকবা সম্বন্ধে আমার জানা নেই। অথচ অবশিষ্ট রাবীসমূহ সিকাহ।
৩. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:২০২; এতে তিনি বলেন, হাদিসটি তাবারানী আল-আওসাতের মধ্যে বর্ণনা করেছেন।
৪. হুসাইনী, আল-বয়ান ওয়াত তারীফ ২:১১৮, হাদীস : ১২৩৮; এতে তিনি বলেন, হাদিসটি তাবারানী আল-আওসাতের মধ্যে বর্ণনা করেছেন। আর হায়সমী বলেন, এর সকল রাবী সহীহ।
৫. মুনাবী, ফয়জুল কাদীর, (৪:৪২২) এর মধ্যে বলেন, হায়সমী এর সকল রাবীকে সহীহ বলেছেন।

হযরত ইবনে আবী নুজাইহ স্বীয় পিতা হতে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, আমাকে জনৈক ব্যক্তি বলেছেন, যিনি কুফার মিম্বরে হযরত আলী রাদিআল্লাহু আনহুকে এ কথা বলতে শুনেছেন, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের ঘরে তশরিফ আনলেন এবং আমাদের তাকিয়ায় বসে পানির পাত্র তলব করলেন। হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতে বরকতের দোআ পাঠ করলেন এবং আমাদের ওপর এগুলো ছিটিয়ে দিলেন । আমি আরজ করলাম, হে রাসূলুল্লাহ! আপনার নিকট আমি অধিক প্রিয় নাকি ফাতেমা? উত্তরে হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার চেয়ে সে (ফাতেমা) আমার নিকট অধিক প্রিয়। আর তুমি আমার নিকট তার চেয়ে অধিক স্নেহশীল।[৩৬]

[৩৬] ১. আহমাদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৬৩১, ৬৩২, হাদীস : ১০৭৬
২. . নাসায়ী, আস-সুনান আল-কুবরা, ৫:১৫০, হাদীস : ৮৫৩১; এতে তিতিন হাদিসটি সংক্ষেপে বর্ণনা করেছেন।
৩. হুমাইদী, আল-মুসনাদ, ১ম:২২, হাদীস : ৩৮
৪. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৬০, হাদীস : ২৯৫১; এতে তিনি হাদিসটি সংক্ষেপে বর্ণনা করেছেন।
৫. ইবনুল জাওযী, তাযকেরাতুল খাওয়াস, পৃ. ২৭৫, ২৭৬
৬. ইবনে আসীর, উসুদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২১৯; এতে তিনি হাদিসটি সংক্ষেপে বর্ণনা করেছেন।

১৩শ পরিচ্ছেদ

مَا كَانَ أَحَدٌ أَشْبَهَ بِالنَّبِيِّ ﷺ مِنْ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا فِيْ عَادَاتِهَا

চাল-চলনে হযরত সাইয়্যিদা ফাতেমা সালামুল্লাহি আলাইহার চেয়ে অধিক অন্য কেউ হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সাদৃশ্যশীল ছিলনা

٣٥. عَنْ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ، قَالَتْ : مَا رَأَيْتُ أَحَدًا أَشْبَهَ سَمْتًا وَدَلًّا وَهَدْيًا بِرَسُولِ اللهِ فِي قِيَامِهَا وَقُعُودِهَا مِنْ فَاطِمَةَ بِنْتِ رَسُولِ اللهِ ﷺ.

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন যে, আমি হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রিয় কন্যা হযরত ফাতেমা রাদিআল্লাহু আনহার চেয়ে অধিক অন্য কাউকে চাল-চলন, স্বভাব-চরিত্র, কাজ-কর্ম এবং উঠা-বসাতে হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সাদৃশ্যশীল দেখিনি।[৩৭]

٣٦. عَنْ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ ﷺ ، قَالَتْ : مَا رَأَيْتُ أَحَدًا مِنَ النَّاسِ كَانَ أَشْبَهَ بِالنَّبِيِّ ﷺ كَلَامًا وَلَا حَدِيثًا وَلَا جَلْسَةً مِنْ فَاطِمَةَ.

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন, আমি বাচনভঙ্গি ও উপবেশনে হযরত ফাতেমার চেয়ে অধিক অন্য কাউকে হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সাদৃশ্যশীল দেখিনি।[৩৮]

[৩৭] ১. তিরমিযী, আল-জামি আস-সহীহ, ৫:৭০০, হাদীস : ৩৮৭২
২. আবু দাউদ, আস সুনান, ৪:৩৫৫, হাদীস : ৫২১৭
৩. নসায়ী, ফাযায়িলুস সাহাবা, পৃ. ৭৭, ৭৮, হাদীস : ২৬৪
৪. হাকেম, আল-মুসতাদরাক, ৪:৩০৩, হাদীস : ৭৭১৫
৫. বায়হাকী, আস-সুনান আল-কুবরা, ৫:৯৬
৬. ইবনে সা'আদ, আত তাবকাতুল কুবরা ২:২৪৮; এতে তিনি সামান্য শব্দের ভিন্নতায় হাদিসটি হযরত উম্মে সালমা রাদিআল্লাহু আনহু হতে বর্ণনা করেন।
৭. ইবনে জাওযী, সিফাতুস সাফওয়া, ২:৬-৭
৮. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৮৪-৮৫

[৩৮] ১. বুখারী, আল-আদাবুল মুফরাদ, পৃ. ৩২৬, ৩৩৭, হাদীস : ৯৪৭ ও ৯৭১

٣٧. عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ : لَمْ يَكُنْ أَحَدٌ أَشْبَهَ بِرَسُولِ اللهِ ﷺ مِنَ الْحَسَنِ بْنِ عَلِيٍّ وَفَاطِمَةَ.

হযরত আনাস ইবনে মালেক রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত যে, তিনি বলেন, কোন ব্যক্তি হযরত হাসান ইবনে আলী ও হযরত ফাতেমাতুয যাহরা রাদিআল্লাহু আনহুমার চেয়ে অধিক হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সাদৃশ্যশীল ছিলনা।[৩৯]

٣٨. عَنْ عَائِشَةَ، قَالَتِ : اجْتَمَعَ نِسَاءُ النَّبِيِّ ﷺ فَلَمْ يُغَادِرْ مِنْهُنَّ امْرَأَةً، فَجَاءَتْ فَاطِمَةُ تَمْشِي كَأَنَّ مِشْيَتَهَا مِشْيَةُ رَسُولِ اللهِ ﷺ فَقَالَ : «مَرْحَبًا بِابْنَتِي». فَأَجْلَسَهَا عَنْ يَمِينِهِ أَوْ عَنْ شِمَالِهِ.

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন যে, (একদা) হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সকল স্ত্রী একত্রিত হয়েছিলেন, এতে কেউ অনুপস্থিত ছিলেন না। এমতাবস্থায় হযরত ফাতেমা রাদিআল্লাহু আনহা আগমন করলেন যাঁর হাটা-চলা অবিকল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাটা-চলার অনুরূপ ছিল। হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, স্বাগতম, হে আমার কন্যা! অতঃপর তাকে নিজের ডান পাশে অথবা বাম পাশে বসালেন।[৪০]

২. নাসায়ী, আস সুনানুল কুবরা, ৫:৩৯১, হাদীস : ৯২৩৬
৩. ইবনে হিব্বান, আস-সহীহ, ১৫:৪০৩, হাদীস : ৬৯৫৩
৪. হাকেম, আল-মুসতাদরক, ৩:১৬৭, ১৭৪, হাদীস : ৪৭৩২ ও ৪৭৫৩
৫. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৪:২৪২, হাদীস : ৪০৮০৯
৬. বায়হাকী, আস-সুনান আল-কুবরা, ৭:১০১
৭. ইবনে রাহওয়াইহ, আল-মুসনাদ, ১:৮, হাদীস : ৬
৮. ইবনে আবদিল বর, আল-ইসতিয়াব ফি মা'রিফাতিল আসহাব, ৪:১৪৯৬
৯. যাহাবী, সি'আরু আলআমিন নুবালা, ৩:১২৭
[৩৯] আহমাদ ইবনে হাম্বল, আল-মুসনদ, ৩:১৬৪
১. মুসলিম, আস সহীহ, ৪:১৯০৫-১৯০৬, হাদীস : ২৪৫০
২. বুখারী, আস-সহীহ , ৫:২৩১৭, হাদীস : ৫৯২৮
৩. ইবনে মাজা, আস সুনান, ১:৫১৮, হাদীস : ১৬২০
৪. নাসায়ী, আস সুনানুল কুবরা, ৪:২৫১, হাদীস : ৭০৭৮
৫. নাসায়ী, আস সুনানুল কুবরা, ৫:৯৬, ১৪৬, হাদীস : ৮৩৬৮, ৮৫১৬ ও ৮৫১৭

٣٩. عَنْ مَسْرُوقٍ، حَدَّثَتْنِي عَائِشَةُ أُمُّ الْمُؤْمِنِينَ، قَالَتْ : إِنَّا كُنَّا أَزْوَاجَ النَّبِيِّ ﷺ عِنْدَهُ جَمِيعًا، لَمْ تُغَادَرْ مِنَّا وَاحِدَةٌ، فَأَقْبَلَتْ فَاطِمَةُ ﷺ تَمْشِي، لاَ وَاللهِ مَا تَخْفَى مِشْيَتُهَا مِنْ مِشْيَةِ رَسُولِ اللهِ ﷺ.

হযরত মাছরুক বর্ণনা করেন যে, উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বলেন, (একদা) আমরা হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিবিগণ হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট উপস্থিত ছিলাম। আমাদের মধ্য হতে কেউ অনুপস্থিত ছিলেন না। এমতাবস্থায় হযরত ফাতেমাতুয যাহরা রাদিআল্লাহু আনহা সেখানে আগমন করলেন। আল্লাহর কসম! তার চলার ভঙ্গি ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চলার ভঙ্গির মধ্যে বিন্দু পরিমাণও ব্যবধান (পার্থক্য) ছিলনা।[৪১]

৬. নাসায়ী, ফাযায়িলুস সাহাবা, পৃ. ৭৭, হাদীস : ২৬৩
৭. নাসায়ী, কিতাবুল ওফা, পৃ. ২০, হাদীস : ২
৮. আহমাদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৬২, ৭৬৩, হাদীস : ১৩৪৩
৯. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৬৮, হাদীস : ২৯৬৮
১০. ইবনে রাহওয়াইহ, আল-মুসনাদ, ১:৬, ৭, হাদীস : ৫
১১. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪১৬, হাদীস : ১০৩০; এতে তিনি হাদিসটি হযরত আবু তুফাইল রাদিআল্লাহু আনহু হতে বর্ণনা করেন।
১২. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২শ:৪১৯, হাদীস : ১৩০৩
১৩. ইবনে জাওযী, সিফাতুস সাফওয়া, ২:৬, ৭
১৪. ইবনে জাওযী, তাযকেরাতুল খাওয়াস, পৃ. ২৭৮
১৫. ইবনে আসীর, উসুদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২১৮
১৬. যাহাবী, সি'আরু আলআমিন নুবালা, ২:১৩০
[৪১] ১. বুখারী, আস-সহীহ , ৫:২৩১৭, হাদীস : ৫৯২৮
২. মুসলিম, আস সহীহ, ৪:১৯০৫, হাদীস : ২৪৫০
৩. নাসায়ী, ফাযায়িলুস সাহাবা, পৃ. ৭৭, হাদীস : ২৬৩
৪. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৬২, হাদীস : ১৩৪২
৫. তায়ালিসী, আল-মুসনাদ, পৃ. ১৯৬, হাদীস : ১৩৭৩
৬. ইবনে সা'আদ, আত তাবকাতুল কুবরা, ২:২৪৭
৭. দুলাবী, আয যুররিয়াতুত তাহিরাহ, পৃ. ১০১-১০২, হাদীস : ১৮৮
৮. আবু নায়ীম, হুলয়াতুল আওলিয়া ওয়া তাবকাতুল আসফিয়া, ২:৩৯-৪০
৯. যাহাবী, সি'আরু আলআমিন নুবালা, ২:১৩০

وَأَنَا أَعْلَمُ أَنَّ فَاطِمَةَ لَوْ كَانَتْ حَيَّةً، لَسَرَّهَا مَا فَعَلْتُ بِابْنِهَا، قَالُوْا : فَمَا مَعْنِي غَمْزِكَ بَطْنَهُ، وَقَوْلُكَ مَا قُلْتُ؟ قَالَ : إِنَّهُ لَيْسَ أَحَدٌ مِّنْ بَنِيْ هَاشِمٍ إِلَّا وَلَهُ شَفَاعَةٌ، فَرَجَوْتُ أَنْ أَكُوْنَ فِيْ شَفَاعَةِ هَذَا.

হযরত সাঈদ ইবনে আবান আল-করশী রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত যে, হযরত আবদুল্লাহ ইবনে হাসান ইবনে হাসান ইবনে আলী রাদিআল্লাহু আনহু ইবনে আবি তালেব যিনি তখনও যুবক ছিলেন, স্বীয় একটি কাজের সূত্রে হযরত ওমর ইবনে আবদুল আজিজের (রাদিআল্লাহু আনহু) সাথে সাক্ষাতে এলেন। অতঃপর (তার আগমনে) হযরত ওমর ইবনে আবদুল আজিজ স্বীয় (মন্ত্রীসভার) অধিবেশন স্থগিত করে দিলেন, তাঁকে অভ্যর্থনা জানালেন এবং তাঁর প্রয়োজন সমাধা করলেন অতঃপর তাঁর (আবদুল্লাহ ইবনে হাসান ইবনে হাসান ইবনে আলী রাদিআল্লাহু আনহু) পেটের কুঞ্চনে এভাবে চাপ দিলেন যে, তিনি ব্যথা অনুভব করলেন আর বললেন যে, একথা (কিয়ামতের দিন) সুপারিশের সময় যেন স্মরণ থাকে। যখন তিনি (আবদুল্লাহ ইবনে হাসান ইবনে হাসান ইবনে আলী রাদিআল্লাহু আনহু) চলে গেলেন, তখন উপস্থিত লোকেরা তাকে ভর্ৎসনা করে বলল, আপনি একজন যুবককে কেন এত অভ্যর্থনা জানালেন? এর উত্তরে তিনি (ওমর ইবনে আবদুল আজিজ) বললেন, আমি একজন ছেকাহ (নির্ভরযোগ্য) রাবী হতে এভাবে হাদিস শুনেছি যে, আমার মনে হয় আমি যেন তা স্বয়ং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছ থেকে শুনছি। (হযরত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,) 'নিঃসন্দেহে ফাতেমা আমার শরীরের অংশ। যে তাকে সন্তুষ্ট করল, সে যেন আমাকে সন্তুষ্ট করল।'

'(অতঃপর হযরত ওমর ইবনে আবদুল আযিয বললেন,) আমি জানি, যদি সৈয়্যদা ফাতেমা রাদিআল্লাহু আনহা জীবিত থাকতেন, তাহলে তিনি আমার এ কর্ম দ্বারা অবশ্যই খুশী হতেন। উপস্থিত লোকেরা বলল, তার পেটে খোঁচা দেয়ার আর আপনার উপর্যুক্ত কথাগুলোর মর্মার্থ কি? হযরত ওমর ইবনে আবদুল আজিজ বললেন, বনি হাশেমের এমন কেউ নেই, যাকে সুপারিশের ক্ষমতা দেয়া হয়নি। সুতরাং আমি চাই, নিজে যেন এই যুবকের সুপারিশের অধিকারী হই।'[৪০]

[৪০] সাখাবী, ইসতিজলাবু ইরতিকায়িল গুরুফ বি-হুবি আকরাবায়িল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও জবিস সরফ, পৃ. ৯৬-৯৭

১৪শ পরিচ্ছেদ

رِضَاءُ فَاطِمَةَ سَلَامُ اللهِ رِضَاءُ النَّبِيِّ ﷺ

হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার সন্তুষ্টি বস্তুতঃ হযরত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সন্তুষ্টি

٤٠. عَنِ الْمِسْوَرِ بْنِ مَخْرَمَةَ ﷺ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ ﷺ : «إِنَّمَا فَاطِمَةُ شُجْنَةٌ مِنِّي يَبْسُطُنِي مَا بَسَطَهَا وَيَقْبِضُنِي مَا قَبَضَهَا».

হযরত মিসওয়ার ইবনে মাখরামা রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, হুজুর সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম ইরশাদ করেন, নিঃসন্দেহে, ফাতেমা আমার ফলবান (বৃক্ষের) শাখা। যে বস্তু তাকে সন্তুষ্ট করে, তা আমাকেও সন্তুষ্ট করে। (পক্ষান্তরে) যে বস্তু তাকে কষ্ট দেয়, তা আমাকেও কষ্ট দেয়।[৪২]

٤١. عَنْ سَعِيْدِ بْنِ أَبَانٍ الْقُرَشِيِّ، قَالَ : دَخَلَ عَبْدُ اللهِ بْنُ حَسَنِ بْنِ حَسَنِ عَلِيُّ بْنِ أَبِيْ طَالِبٍ عَلَى عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيْزِ، وَهُوَ حَدْثُ السِّنِّ وَلَهُ وَفْرَةٌ، فَرَفَعَ عُمَرُ مَجْلِسَهُ وَأَقْبَلَ عَلَيْهِ، وَقَضَى حَوَائِجَهُ، ثُمَّ أَخَذَ عُكَنَةً مِنْ عُكَنِهِ، فَغَمَزَهَا حَتَّى أَوْجَعَهُ، وَقَالَ : أَذْكَرَهَا عِنْدَكَ لِلشَّفَاعَةِ، فَلَمَّا خَرَجَ لَامَهُ قَوْمُهُ وَقَالُوْا : فَعَلْتُ هَذَا بِغُلَامِ حَدَثٍ! فَقَالَ : إِنَّ الثِّقَةَ حَدَّثَنِيْ حَتَّى كَأَنِّيْ أَسْمَعُهُ مِنْ فِيْ رَسُوْلِ اللهِ ﷺ : إِنَّمَا فَاطِمَةُ بِضْعَةٌ مِّنِّيْ، يَسُرُّنِيْ مَا يَسُرُّهَا.

[৪২] ১. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৬৮, হাদীস : ৪৭৩৪
২. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ৪:৩৩২
৩. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৬৫, হাদীস : ১৩৪৭
৪. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৬২, হাদীস : ২৯৫৬
৫. তাবরানী, আল-মু'জামুল কবির, ২০:২৫, হাদীস : ৩০
৬. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:২০৩
৭. আবু নাঈম, হুলয়াতুল আওলিয়া ওয়া তাবকাতুল আসফিয়া, ৩:২০৬
৮. যাহাবী, সি'আরু আলামিন নুবালা, ২:১৩২
৯. আসকালানী, ফতহুল বারী, ৯:৩২৯
১০. ইবনে কসীর, তাফসিরুল কুরআনিল আযীম, ৩:২৫৭

১৫শ পরিচ্ছেদ

مَنْ أَغْضَبَ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا أَغْضَبَ النَّبِيَّ ﷺ

যে হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহাকে অসন্তুষ্ট করল, বস্তুতঃ সে হযরত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অসন্তুষ্ট করল

٤٢. عَنِ الْمِسْوَرِ بْنِ مَخْرَمَةَ أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ قَالَ : «فَاطِمَةُ بَضْعَةٌ مِنِّي، فَمَنْ أَغْضَبَهَا أَغْضَبَنِي».

হযরত মিসওয়ার ইবনে মাখরামা রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, নিঃসন্দেহে, ফাতেমা আমার শরীরের অংশ। সুতরাং যে তাকে অসন্তুষ্ট করল, বস্তুত সে আমাকে অসন্তুষ্ট করল।[৪৪]

সাখাবী এ কিতাবের ১৫০ পৃষ্ঠায় এ ধরনের একটি ঘটনা বর্ণনা করেন আবদুল্লাহ ইবনে হাসান হতে বর্ণনা করেন। তিনি বলেন, আমি একটি কাজের সূত্র ধরে ইবনে আব্দুল আজিজের কাছে গিয়েছিলাম। তখন তিনি আমাকে বললেন, আপনার যখন কোন প্রয়োজন সামনে আসবে, তখন কোন ব্যক্তি পাঠাবেন অথবা পত্র লিখবেন। আমি আল্লাহর কাছে লজ্জা পাই যে, আপনাকে এভাবে নিজের দ্বারে দেখব।

[৪৪] ১. বুখারী, আস-সহীহ, ৩:১৩৬১, হাদীস : ৩৫১০
২. বুখারী, আস-সহীহ, ৩:১৩৭৪, হাদীস : ৩৫৫৬
৩. মুসলিম, আস সহীহ, ৪:১৯০৩, হাদীস : ২৪৪৯
৪. ইবনে আবি শায়বাহ, আল-মুসান্নাফ, ৬:৩৮৮, হাদীস : ৩২২৬৯; এতে তিনি হাদিসটি হযরত আলী রাদিআল্লাহু আনহু হতে বর্ণনা করেন।
৫. আবু আওয়ানা, আল-মুসনাদ, ৩:৭০, হাদীস : ৪২৩৩
৬. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৬১, হাদীস : ২৯৫৪
৭. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪০৪, হাদীস : ১০১২
৮. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৭২, হাদীস : ৪৭৪৭
৯. [illegible], ৩:১৪৫, হাদীস : ৪৩৮৯
১০. ইবনে জাওযী, সিফাতুস সাফওয়া, ২:৭
১১. ইবনে [illegible], ১২:৩৬১
১২. আসকালানি, আল-ইসাবাহ ফি তামঈযিস সাহাবা, ৮:৫৬
১৩. [illegible], ১২:২৭০

১৬শ পরিচ্ছেদ

إِنَّ اللهَ يَغْضِبُ لِغَضَبِ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا وَيَرْضِيْ لِرِضَاهَا

হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার সন্তুষ্টি বস্তুতঃ আল্লাহর সন্তুষ্টি এবং তার অসন্তুষ্টি বস্তুতঃ আল্লাহরই অসন্তুষ্টি

٤٣. عَنْ عَلِيٍّ ﷺ، عَنِ النَّبِيِّ ﷺ، أَنَّهُ قَالَ لِفَاطِمَةَ: إِنَّ اللهَ يَغْضَبُ لِغَضَبِكِ وَيَرْضَى لِرِضَاكِ.

হযরত আলী রাদিআল্লাহু আনহু বর্ণনা করেন যে, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত ফাতেমাকে বললেন, নিঃসন্দেহে, আল্লাহ তা'আলা তোমার অসন্তুষ্টিতে অসন্তুষ্ট এবং তোমার সন্তুষ্টিতে সন্তুষ্ট।[৪৫]

---

১৪. মুনাবী, ফয়জুল কাদীর, ৪:৪২১
১৫. আজলূনী, কাশফুল খেফা ওয়া মুযিলুল ইলবাস, ২:১১২, হাদীস : ১৮৩১

[৪৫] ১. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৬৭, হাদীস : ৪৭৩০
২. আবু ইয়ালা, আল-মু'জাম, পৃ. ১৯০, হাদীস : ২২০
৩. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৬৩, হাদীস : ২৯৫৯
৪. তাবরানী, আল-মু'জামুল কবির, ১:১০৮, হাদীস : ১৮২
৫. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪০১, হাদীস : ১০০১
৬. দুলাবী, আয-যুররিয়াতুত তাহিরাহ, পৃ. ১২০হাদীস : ২০৫
৭. কাজবিনী, আত-তাদভীন ফি আখবারি কাজবীন, ৩:১১
৮. হায়সামী, মাজমাউজ যাওয়ায়েদ, ৯:২০৩; এতে তিনি বলেন, হাদিসটি তাবরানী হাসান সনদে বর্ণনা করেছেন।
৯. ইবনে জাওযী, তাযকেরাতুল খাওয়াস, পৃ. ২৭৯
১০. ইবনে আসীর, উসদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২১৯
১১. আসকালানি, তাহযিবুত তাহযীব, ১২:৪৪৮
১২. আসকালানি, আল-ইসাবাহ ফি তামঈযিস সাহাবা, ৮:৫৬-৫৭
১৩. মুহিব্বে তাবারী, যাখায়েরুল উকবা ফি মানাকিবি যাবিল কুরবা, পৃ. ৮২

১৭শ পরিচ্ছেদ

مَنْ آذَى فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا فَقَدْ آذَى النَّبِيَّ ﷺ

যে হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহাকে কষ্ট দিল, সে যেন হযরত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কষ্ট দিল

٤٤. عَنِ الْمِسْوَرِ بْنِ مَخْرَمَةَ، قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ : «إِنَّمَا فَاطِمَةُ بَضْعَةٌ مِنِّي، يُؤْذِينِي مَا آذَاهَا».

হযরত মিসওয়ার ইবনে মাখরামা রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, হুজুর রাদিআল্লাহু আনহু ইরশাদ করেন, ফাতেমা আমার শরীরের অংশ। তাকে কষ্টদায়ক বস্তু আমাকেও কষ্ট দেয়।[৪৬]

٤٥. عَنْ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ، أَنَّ عَلِيًّا ذَكَرَ بِنْتَ أَبِي جَهْلٍ فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ ﷺ فَقَالَ : «إِنَّمَا فَاطِمَةُ بَضْعَةٌ مِنِّي يُؤْذِينِي مَا آذَاهَا، وَيُنْصِبُنِي مَا أَنْصَبَهَا».

হযরত আবদুল্লাহ ইবনে জুবাইর রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, ফাতেমা আমার কলিজার টুকরো। তাকে যন্ত্রনাদায়ক বস্তু আমাকেও যন্ত্রনা দেয় এবং তাকে কষ্টদায়ক বস্তু আমাকেও কষ্ট দেয়।[৪৭]

৪৬ ১. মুসলিম, আস সহীহ, ৪:১৯০৩, হাদীস : ২৪৪৯
২. নাসায়ী, আস সুনানুল কুবরা, ৫:৯৭, হাদীস : ৮৩৭০
৩. বায়হাকী, আস-সুনান আল-কুবরা, ১০:২০১
৪. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৬১, হাদীস : ২৯৫৫
৫. তাবারানী, আল-মু'জামুল কবির, ২২:৪০৪, হাদীস : ১০১০
৬. আবু নায়ীম, হুলয়াতুল আওলিয়া ওয়া তাবকাতুল আসফিয়া, ২:৪০
৭. উন্দোলূসী, তুহফাতুল মুহতাজ, ২:৫৮৫, হাদীস : ১৭৯৫
৮. আসকালানি, আল-ইসাবাহ ফি তামায়িয সাহাব, ৮:৫৬
৯. ইবনে জাওযী, তাযকেরাতুল খাওয়াস, পৃ. ২৭৯

৪৭ ১. তিরমিযী এ হাসান ও সহীহ হাদিসটি আল-জামি আস-সহীহ, ৫:৬৯৮, হাদীস : ৩৮৬৯; এতে তিনি রিওয়ায়ত করেছেন।

٤٦. عن أبي حنظلة، ... (قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ ﷺ) : إِنَّمَا فَاطِمَةُ بَضْعَةٌ مِنِّي فَمَنْ آذَاهَا فَقَدْ آذَانِيْ.

হযরত আবি হানযালা রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, ফাতেমা তো আমার কলিজার টুকরো। যে তাকে কষ্ট দিল, বস্তুত সে আমাকেই কষ্ট দিল।[৪৮]

২. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ৪:৫
৩. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৫৬, হাদীস : ১৩২৭
৪. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৭৩, হাদীস : ৪৭৫১
৫. মুকাদ্দেসী, আল-আহাদিসুল মুখতারা, ৯:৩১৪-৩১৫, হাদীস : ২৭৪
৬. আসকালানি, ফতহুল বারী, ৯:৩২৯
৭. শাওকানী, দুররুস সাহাবা ফি মানাকিবিল কারাবাহ ওয়াস সাহাবা, পৃ. ২৭৪

৪৮ ১. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৫৫, হাদীস : ১৩২৪
২. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা ২:৭৫৬, হাদীস : ১৩২৭; এতে তিনি হাদিসটি হযরত আবদুল্লাহ ইবনে জুবাইর রাদিআল্লাহু আনহু হতে বর্ণনা করেন।
৩. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ৪:৫
৪. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৭৩, হাদীস : ৪৭৫০
৫. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৬২, হাদীস : ২৯৫৭
৬. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪০৫, হাদীস : ১০১৩
৭. বায়হাকী, আস-সুনান আল-কুবরা, ১০:২০১

১৮শ পরিচ্ছেদ

عَدُوٌّ لِفَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا عَدُوٌّ لِلنَّبِيِّ ﷺ

হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহা পারিবারিক শত্রু হযরত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামেরই শত্রু

٤٧. عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ، أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ لِعَلِيٍّ وَفَاطِمَةَ وَالْحَسَنِ وَالْحُسَيْنِ : «أَنَا حَرْبٌ لِمَنْ حَارَبْتُمْ وَسِلْمٌ لِمَنْ سَالَمْتُمْ».

হযরত যাইদ ইবনে আরকাম রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত আলী, হযরত ফাতেমা, হযরত হাসান এবং হযরত হুসাইন রাদিআল্লাহু আনহুকে বললেন, আমি তার সাথে লড়ব, যার সাথে তোমরা লড়বে (যুদ্ধ করবো) এবং আমি তার সাথে সন্ধি করবো (শান্তি স্থাপন), যার সাথে তোমরা সন্ধি করবে।[৪৯]

٤٨. عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ، أَنَّ النَّبِيَّ ﷺ قَالَ : لِفَاطِمَةَ، وَعَلِيٍّ، وَحَسَنٍ، وَحُسَيْنٍ : «أَنَا حَرْبٌ لِمَنْ حَارَبْتُمْ، وَسِلْمٌ لِمَنْ سَالَمْتُمْ».

হযরত যাইদ ইবনে আরকাম রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত ফাতেমা, হযরত হাসান এবং হযরত হুসাইন রাদিআল্লাহু আনহুমকে বললেন, আমি তার সাথে লড়ব, যার সাথে তোমরা

[৪৯] ১. তিরমিযী, আল-জামি আস-সহীহ, ৫:৬৯৯, হাদীস : ৩৮৭০
২. ইবনে মাজা, আস সুনান, ১:৫২, হাদীস : ১৪৫
৩. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৬১, হাদীস : ৪৭১৪
৪. তাবরানী, আল-মু'জামুল কবির, ৩:৪০, হাদীস : ২৬১৯ ও ২৬২০
৫. তাবরানী, আল-মু'জামুল কবির, ৫:১৮৪, হাদীস : ৫৩৩০ ও ৫৩৩১
৬. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৫:১৮২, হাদীস : ৫০১৫
৭. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৬২
৮. যাহাবী, সি'আরু আলামিন নুবালা, ২:১২৫
৯. যাহাবী, সি'আরু আলামিন নুবালা, ১০:৪৩২
১০. মুযী, তাহযিবুল কামাল, ১৩:১১২

লড়বে (যুদ্ধ করবে) এবং আমি তার সাথে সন্ধি করব (শান্তি স্থাপন), যার সাথে তোমরা সন্ধি করবে।[৫০]

٤٩. عَنْ أَبِي هُرَيْرَةَ ﷺ، قَالَ : نَظَرَ النَّبِيُّ ﷺ إِلَى عَلِيٍّ وَالْحَسَنِ وَالْحُسَيْنِ وَفَاطِمَةَ رَضِيَ اللهُ تَعَالَى عَنْهُمْ، وَقَالَ : «أَنَا حَرْبٌ لِمَنْ حَارَبَكُمْ، وَسِلْمٌ لِمَنْ سَالَمَكُمْ».

হযরত আবু হুরাইরা রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত আলী, হযরত ফাতেমা, হযরত হাসান ও হযরত হুসাইনের (রাদিআল্লাহু আনহুম) দিকে দৃষ্টিপাত করে বললেন, যে তোমাদের সাথে লড়বে, আমি তার সাথে লড়ব। যে তোমাদের সাথে সন্ধি স্থাপন করবে, আমিও তার সাথে সন্ধি স্থাপন করব। (অর্থাৎ যে তোমাদের শত্রু সে আমারও শত্রু এবং যে তোমাদের বন্ধু সে আমারও বন্ধু।)[৫১]

[৫০] ১. ইবনে হিব্বান, আস-সহীহ, ১৫:৪৩৪, হাদীস : ৬৯৭৭
২. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৩:১৭৯, হাদীস : ২৮৫৪
৩. তাবরানী, আল-মু'জামুস সগির, ২:৫৩, হাদীস : ৭৬৭
৪. হায়সমী, মজমাউজ যাওয়ায়েদ, ৯:১৬৯; এতে তিনি বলেন, হাদিসটি তাবারানী আল-আওসাতের মধ্যে বর্ণনা করেছেন।
৫. হায়সমী, মওয়ারিদুয জময়ান, পৃ. ৫৫৫, হাদীস : ২২৪৪
৬. মুহামিলী, আল-আমালি, পৃ. ৪৪৭, হাদীস : ৫৩২
৭. ইবনে আসীর, উসুদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২২০

[৫১] ১. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ২:৪৪২
২. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৬৭, হাদীস : ১৩৫০
৩. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৬১, হাদীস : ৪৭১৩; এতে তিন হাদিসটিকে হাসান বলেছেন। অথচ যাহাবী এ ব্যাপারে নিরবতা পালন করেছেন।
৪. তাবরানী, আল-মু'জামুল কবির, ৩:৪০, হাদীস : ২৬২১
৫. খতিবে বাগদাদী, তারিখে বাগদাদী, ৭ম-:১৩৭
৬. যাহাবী, সি'আরু আলামিন নুবালা, ২:১২২
৭. যাহাবী, সি'আরু আলামিন নুবালা, ৩:২৫৭-২৫৮
৮. হায়সমী, মজমাউজ যাওয়ায়েদ, ৯:২৬৯; এতে তিনি বলেন, হাদিসটি আহমদ ও তাবরানী রিওয়ায়ত করেছেন। এ রাবী তালিদ ইবনে সুলাইমানের ব্যাপারে মতভেদ রয়েছে অথচ এর অবশিষ্ট রাবীসমূহ সহীহ হাদিসের রাবী।

১৯শ পরিচ্ছেদ

مَنْ أَبْغَضَ أَهْلَ بَيْتِ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا

فَقَدْ دَخَلَ النَّارَ وَلَعَنَ اللهُ ﷻ عَلَيْهِ

হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার পারিবারিক শত্রু কপট, অভিশপ্ত ও জাহান্নামি

٥٠. عَنْ أَبِيْ سَعِيْدِ الْخُدْرِيِّ، قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ ﷺ : «مَنْ أَبْغَضَنَا أَهْلَ الْبَيْتِ فَهُوَ مُنَافِقٌ».

হযরত আবু সাঈদ খুদরী রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যারা আহলে বাইতের (ফাতেমার পরিবারের) সাথে বিদ্বেষ রাখে, তারা তো কপট, মুনাফিক।[৫২]

٥١. عَنْ زِرٍّ، قَالَ : قَالَ عَلِيٌّ : لَا يُحِبُّنَا مُنَافِقٌ، وَلَا يُبْغِضُنَا مُؤْمِنٌ.

হযরত যর রাদিআল্লাহু আনহু হযরত আলীর (রাদিআল্লাহু আনহু) সূত্রে বর্ণনা করেন,তিনি বলেন, মুনাফিকরা কখনও আমাদেরকে ভালবাসেনা এবং মু'মিনরা কখনও আমাদের সাথে বিদ্বেষ রাখেনা।[৫৩]

٥٢. عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ الْأَنْصَارِيِّ، قَالَ خَطَبَنَا رَسُوْلُ اللهِ ﷺ فَسَمِعْتُهُ وَهُوَ يَقُوْلُ : «يَا أَيُّهَا النَّاسُ! مَنْ أَبْغَضَنَا أَهْلَ الْبَيْتِ حَشَرَهُ اللهُ يَوْمَ الْقِيَامَةِ يَهُوْدِيًّا»، فَقُلْتُ : يَا رَسُوْلَ اللهِ! وَإِنْ صَامَ وَصَلَّى؟ قَالَ : «وَإِنْ صَامَ وَصَلَّى».

[৫২] ১. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৬৬১, হাদীস : ১১২৬
২. মুহিব্বে তাবারী, আর রিয়াজুন নাদারাহ ফি মানাকিবিল আশারাহ, ১:৩৬২
৩. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৫১
৪. সুয়ূতী, আদ-দুররুল মানসুর ফিত তাফসীর বিল মা'ছুর, ৭:৩৪৯
[৫৩] ইবনে আবী শায়বাহ, আল-মুসান্নাফ, ৬:৩৭২, হাদীস : ৩২১১৬

হযরত জাবের ইবনে আবদুল্লাহ রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সামনে ভাষণ দিলেন এবং তিনি বলতে লাগলেন, হে লোক সকল! যারা আহলে বাইতের সাথে বিদ্বেষ রাখে, কিয়ামতের দিন তাদের জমায়েত (হাশর) ইহুদিদের সাথে হবে। আমি আরজ করলাম, হে রাসূলুল্লাহ! যদিও তারা রোযা রাখে এবং নামাজ পড়ে? উত্তরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ! যদিও তারা রোযা রাখে এবং নামাজ পড়ে। (তা সত্ত্বেও আহলে বাইতের শত্রু হওয়ায় আল্লাহ তা'আলা তাদের ইবাদত বিনষ্ট করে দিয়ে তাদেরকে ইহুদিদের দলভুক্ত করে উঠাবেন।)[৫৪]

٥٣. عَنْ أَبِيْ سَعِيْدِ الْخُدْرِيِّ ﷺ، قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ ﷺ : «وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ لَا يُبْغِضُنَا أَهْلَ الْبَيْتِ أَحَدٌ إِلَّا أَدْخَلَهُ اللهُ النَّارَ».

হযরত আবু সাঈদ খুদরী রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, ঐ সত্তার কসম যার পবিত্র হাতে আমার প্রাণ! আমরা আহলে বাইতের সাথে বিদ্বেষ পোষণকারীদের মধ্য হতে এমন কেউ নেই, যাকে আল্লাহ তা'আলা জাহান্নামে নিক্ষেপ করবেনা।[৫৫]

٥٤. عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ ﷺ : «لَوْ أَنَّ رَجُلًا صَفَّ بَيْنَ الرُّكْنِ وَالْمَقَامِ وَصَلَّى وَصَامَ، ثُمَّ لَقِيَ اللهَ وَهُوَ مُبْغِضٌ لِأَهْلِ بَيْتِ مُحَمَّدٍ دَخَلَ النَّارَ.

হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাদিআল্লাহু আনহুমা হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যদি কোন ব্যক্তি কাবার পাশে রুকনে ইয়ামানি ও মকামে ইবরাহিমের মধ্যবর্তী স্থানে দণ্ডায়মান হয়ে নামাজ আদায় করে এবং রোযাও রাখে, অতঃপর এমতাবস্থায় আহলে বাইতের সাথে বিদ্বেষ রেখে মৃত্যুবরণ করে, তাহলে সে জাহান্নামে যাবে।[৫৬]

[৫৪] ১. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৪:২১২, হাদীস : ৪০০২
২. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:১৭২
৩. জুরজানি, তারিখে জুরজান, পৃ. ৩৬৯
[৫৫] ১. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৬২, হাদীস : ৪৭১৭
২. ইবনে হিব্বান, আস-সহীহ, ১৫শ:৪৩৫, হাদীস : ৬৯৭৮
৩. যাহাবী, সি'আরু আলামিন নুবালা, ২:১২৩, হাকেমের মতে এই হাদিসটি ইমাম মুসলিমের শর্তানুযায়ী সহীহ।
[৫৬] ১. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৫১

٥٥. عَنْ مُعَاوِيَةَ بن حُدَيْجٍ، عَنِ الْحَسَنِ بن عَلِيٍّ، أَنَّهُ قَالَ : يَا مُعَاوِيَةَ بن حُدَيْجٍ! إِيَّاكَ وبُغْضَنَا، فَإِنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ : «لا يُبْغِضُنَا وَلا يَحْسُدُنَا أَحَدٌ إِلا زِيدَ عَنِ الْحَوْضِ يَوْمَ الْقِيَامَةِ بِسِيَاطٍ مِنْ نَارٍ».

হযরত মুআবিয়া ইবনে হুদাইজ রাদিআল্লাহু আনহু হযরত হাসান ইবনে আলী রাদিআল্লাহু আনহু হতে বর্ণনা করেন যে, তিনি (হাসান ইবনে আলী) বললেন, হে মুআবিয়া ইবনে হুদাইজ! আমাদের সাথে বিদ্বেষ রাখা হতে বেঁচে থাক। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, আমাদের সাথে হিংসা এবং বিদ্বেষ পোষণকারীদের মধ্যে এমন কেউ নেই, যাকে কিয়ামতের দিন হাউজে কাউসার হতে আগুনের চাবুক দ্বারা বিতাড়িত করা হবেনা।[৫৭]

২. কাসবী, আল-মা'রিফাতু ওয়াত তারিখ, ১:৫০৫

[৫৭] ১. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৩:৩৯, হাদীস : ২৪০৫
২. তাবরানী, আল-মু'জামুল কবির, ৩:৮১, হাদীস : ২৭২৬

২০শ পরিচ্ছেদ

أَسَرَّ النَّبِيُّ ﷺ إِلَى فَاطِمَةَ الزَّهْرَاءِ سَلَامُ اللهِ عَلَيْهَا

হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহা হযরত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রহস্যভেদী

٥٦. عَنْ عَائِشَةَ، قَالَتِ اجْتَمَعَ نِسَاءُ النَّبِيِّ ﷺ فَلَمْ يُغَادِرْ مِنْهُنَّ امْرَأَةً، فَجَاءَتْ فَاطِمَةُ تَمْشِي كَأَنَّ مِشْيَتَهَا مِشْيَةُ رَسُولِ اللهِ ﷺ، فَقَالَ : «مَرْحَبًا بِابْنَتِي». فَأَجْلَسَهَا عَنْ يَمِينِهِ أَوْ عَنْ شِمَالِهِ، ثُمَّ إِنَّهُ أَسَرَّ إِلَيْهَا حَدِيثًا فَبَكَتْ فَاطِمَةُ، ثُمَّ إِنَّهُ سَارَّهَا فَضَحِكَتْ أَيْضًا، فَقُلْتُ لَهَا : مَا يُبْكِيكِ؟ فَقَالَتْ : مَا كُنْتُ لأُفْشِيَ سِرَّ رَسُولِ اللهِ ﷺ. فَقُلْتُ : مَا رَأَيْتُ كَالْيَوْمِ فَرَحًا أَقْرَبَ مِنْ حُزْنٍ. فَقُلْتُ لَهَا حِينَ بَكَتْ : أَخَصَّكِ رَسُولُ اللهِ ﷺ بِحَدِيثِهِ دُونَنَا ثُمَّ تَبْكِينَ؟ وَسَأَلْتُهَا عَمَّا قَالَ، فَقَالَتْ : مَا كُنْتُ لأُفْشِيَ سِرَّ رَسُولِ اللهِ ﷺ. حَتَّى إِذَا قُبِضَ سَأَلْتُهَا، فَقَالَتْ : إِنَّهُ كَانَ حَدَّثَنِي : «أَنَّ جِبْرِيلَ كَانَ يُعَارِضُهُ بِالْقُرْآنِ كُلَّ عَامٍ مَرَّةً، وَإِنَّهُ عَارَضَهُ بِهِ فِي الْعَامِ مَرَّتَيْنِ، وَلاَ أُرَانِي إِلاَّ قَدْ حَضَرَ أَجَلِي، وَإِنَّكِ أَوَّلُ أَهْلِي لُحُوقًا بِي، وَنِعْمَ السَّلَفُ أَنَا لَكِ». فَبَكَيْتُ لِذَلِكِ، ثُمَّ إِنَّهُ سَارَّنِي، فَقَالَ : «أَلاَ تَرْضَيْنَ أَنْ تَكُونِي سَيِّدَةَ نِسَاءِ الْمُؤْمِنِينَ أَوْ سَيِّدَةَ نِسَاءِ هَذِهِ الأُمَّةِ». فَضَحِكْتُ لِذَلِكِ.

উম্মুল মু'মিনীন হযরক আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন, (একদা) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিবিগণ জমায়েত হয়েছিলেন, তাতে কেউ অনুপস্থিত ছিলেন না। এমতাবস্থায় হযরত ফাতেমা রাদিআল্লাহু আনহা সেখানে আগমন করলেন, যাঁর হাঁটা-চলা অবিকল রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লামের চলার অনুরূপ ছিল। (তখন) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, স্বাগতম হে আমার কন্যা! অতঃপর তাকে স্বীয় বাম পাশে অথবা ডান বাশে বসালেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সাথে চুপিসারে কোন কথা বললেন। এতে হযরত ফাতেমা রাদিআল্লাহু আনহা কাঁদতে লাগলেন। এরপর চুপিসারে কোন কথা বললেন। এতে হযরত ফাতেমা রাদিআল্লাহু আনহা হাঁসতে লাগলেন। আমি (আয়েশা) হযরত ফাতেমা হতে জিজ্ঞাসা করলাম, আপনি কি কারণে কেঁদেছেন? উত্তরে ফাতেমা রাদিআল্লাহু আনহা বললেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রহস্য ফাঁস করবনা। আমি (আয়েশা) বললাম, আমি আজকের মত কোন আনন্দকে বিষণ্নতার এত নিকটবর্তী দেখিনি। আমি (আয়েশা) বললাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের ব্যতীত বিশেষভাবে আপনার সাথে কি কথা বলেছেন, যাতে আপনি কাঁদতে লাগলেন। আমি (আয়েশা) ফাতেমাকে জিজ্ঞাসা করলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি বলেছিলেন? উত্তরে ফাতেমা বললেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রহস্য ফাঁস করবনা। এমতাবস্থায় যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অন্তর্ধান হয়ে গেল, তখন আমি (আয়েশা) পুনরায় জিজ্ঞাসা করলাম, উত্তরে ফাতেমা রাদিআল্লাহু আনহা বললেন, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (প্রথমবার) একথা বলেছিলেন যে, জিবরাইল আলাইহিস সালাম প্রত্যেক বছর আমার ওপর একবার কুরআন মজীদের পুনরাবৃত্তি করে থাকেন। আর এ বছর দু'বার করেছেন। এতে আমার বিশ্বাস যে, আমার বিদায়ের পালা এসে গেছে। আর নিঃসন্দেহে আমার পরিবারবর্গের মধ্যে তুমিই সর্বপ্রথম আমার সাথে মিলিত হবে। আমিই তোমার সর্বোত্তম পূর্বসুরী। তখন আমি কাঁদতে লাগলাম। অতঃপর তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে চুপিসারে বললেন , তুমি কি এ কথায় সন্তুষ্ট নও যে, তুমি সকল মু'মিন রমণীদের সরদার হবে বা আমার এ উম্মতের রমণীদের সরদার হবে! এতে আমি হেঁসে পড়েছি।[৫৮]

[৫৮] ১. মুসলিম, আস সহীহ, ৪:১৯০৫, ১৯০৬, হাদীস : ২৪৫০
২. বুখারী, আস-সহীহ , ৫:২৩১৭, হাদীস : ৫৯২৮
৩. ইবনে মাজা, আস সুনান, ১:৫১৮, হাদীস : ১৬২০
৪. নাসায়ী, আস সুনানুল কুবরা, ৪:২৫১, হাদীস : ৭০৭৮
৫. নাসায়ী, আস সুনানুল কুবরা, ৫:৯৬, ১৪৬, হাদীস : ৮৩৬৮, ৮৫১৬ ও ৮৫১৭
৬. নাসায়ী, ফাযায়িলুস সাহাবা, পৃ. ৭৭, হাদীস : ২৬৩
৭. নাসায়ী, কিতাবুল ওফাত, পৃ. ২০, হাদীস : ২
৮. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৬২-৭৬৩, হাদীস : ১৩৪৩

٥٧. عَنْ عَائِشَةَ ﵂، قَالَتْ : دَعَا النَّبِيُّ ﷺ فَاطِمَةَ ابْنَتَهُ فِي شَكْوَاهُ الَّذِي قُبِضَ فِيهَا، فَسَارَّهَا بِشَيْءٍ فَبَكَتْ، ثُمَّ دَعَاهَا فَسَارَّهَا فَضَحِكَتْ، قَالَتْ : فَسَأَلْتُهَا عَنْ ذَلِكَ. فَقَالَتْ : سَارَّنِي النَّبِيُّ ﷺ، فَأَخْبَرَنِي : أَنَّهُ يُقْبَضُ فِي وَجَعِهِ الَّذِي تُوُفِّيَ فِيهِ، فَبَكَيْتُ، ثُمَّ سَارَّنِي، فَأَخْبَرَنِي : أَنِّي أَوَّلُ أَهْلِ بَيْتِهِ أَتْبَعُهُ فَضَحِكْتُ.

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের শেষ রোগ-শয্যায় স্বীয় কন্যা ফাতেমাকে ডাকলেন অতঃপর তাকে চুপিসারে কিছু বললে তিনি কান্নায় ভেঙ্গে পড়েন। এরপর তাকে আরো নিকটে ডেকে কিছু বললে তিনি হেঁসে পড়েন। হযরত আয়েশা সিদ্দিকা রাদিআল্লাহু আনহা বললেন, এ ব্যাপারে আমি হযরত ফাতেমাকে জিজ্ঞাসা করলে তিনি বললেন, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে কানে কানে বললেন যে, এই রোগেই তাঁর অন্তর্ধান হবে। এতে আমি কাদঁতে লাগলাম। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চুপিসারে বললেন যে, আমার পরিবারের মধ্য হতে সর্বপ্রথম তুমিই আমার অনুগামী হবে, এতে আমি হেঁসে পড়েছি।[৫৯]

৯. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৬৮, হাদীস : ২৯৬৮
১০. ইবনে রাহওয়্যিাহ, আল-মুসনাদ, ১:৬, ৭, হাদীস : ৫
১১. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪১৬, হাদীস : ১০৩০; এতে তিনি হযরত আবু তুফাইল রাদিআল্লাহু আনহু থেকে হাদিসটি রিওয়ায়ত করেছেন।
১২. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪১৯, হাদীস : ১৩০৩
১৩. ইবনে জাওযী, সিফাতুস সাফওয়া, ২:৬-৭
১৪. ইবনে জাওযী, তাযকেরাতুল খাওয়াস, পৃ. ২৭৮
১৫. ইবনে আসীর, উসুদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২১৮
১৬. যাহাবী, সি'আরু আলামিন নুবালা, ২:১৩০

[৫৯] ১. বুখারী, আস-সহীহ , ৩:১৩৬১, হাদীস : ৩৫১১
২. বুখারী, আস-সহীহ , ৩:১৩২৭, হাদীস : ৩৪২৭
৩. বুখারী, আস-সহীহ , ৪:১৬১২, হাদীস : ৪১৭০
৪. মুসলিম, আস সহীহ, ৪:১৯০৪, হাদীস : ২৪৫০
৫. নাসায়ী, ফাযায়িলুস সাহাবা, পৃ. ৭৭, হাদীস : ২৯৬
৬. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ৬:৭৭
৭. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৫৪, হাদীস : ১৩২২
৮. ইবনে হিব্বান, আস-সহীহ, ১৫:৪০৪, হাদীস : ৬৯৫৪
৯. আবু ইয়ালা, আল-মুসনাদ, ১২:১২২, হাদীস : ৬৭৫৫

٥٨. عَنْ عَائِشَةَ، قَالَتْ : بَيْنَمَا أَنَا مَعَ رَسُولِ اللهِ ﷺ فِي بَيْتٍ يُلاعِبُنِي وَأُلاعِبُهُ، إِذْ دَخَلَتْ عَلَيْنَا فَاطِمَةُ، فَأَخَذَ رَسُولُ اللهِ ﷺ بِيَدِهَا فَأَقْعَدَهَا خَلْفَهُ وَنَاجَاهَا بِشَيْءٍ لا أَدْرِي مَا هُوَ، فَنَظَرْتُ إِلَى فَاطِمَةَ تَبْكِي، ثُمَّ أَقْبَلَ إِلَيَّ رَسُولُ اللهِ ﷺ فَحَدَّثَنِي وَلاعَبَنِي، ثُمَّ أَقْبَلَ عَلَيْهَا فَلاعَبَهَا وَنَاجَاهَا بِشَيْءٍ، فَنَظَرْتُ إِلَى فَاطِمَةَ، وَإِذَا هِيَ تَضْحَكُ، فَقَامَ رَسُولُ اللهِ ﷺ فَخَرَجَ، فَقُلْتُ لِفَاطِمَةَ : مَا الَّذِي نَاجَاكِ بِهِ رَسُولُ اللهِ ﷺ؟ قَالَتْ : لَيْسَ كُلَّمَا أَسَرَّ إِلَيَّ رَسُولُ اللهِ ﷺ أُخْبِرُكِ بِهِ، قُلْتُ : أُذَكِّرُكِ اللهَ وَالرَّحِمَ، قَالَتْ : أَخْبَرَنِي أَنَّهُ مَقْبُوضٌ قَدْ حَضَرَ أَجَلُهُ، فَبَكَيْتُ لِفِرَاقِ رَسُولِ اللهِ ﷺ، ثُمَّ أَقْبَلَ إِلَيَّ فَنَاجَانِي : أَنِّي أَوَّلُ مَنْ يَلْحَقُ بِهِ مِنْ أَهْلِ بَيْتِهِ فَضَحِكْتُ لِلِقَاءِ رَسُولِ اللهِ ﷺ.

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে (একদিন) ঘরে ছিলাম এবং আমরা পরস্পর রসিকতা করছিলাম। এমতাবস্থায় ফাতেমা রাদিআল্লাহু আনহা আগমন করলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার হাত ধরলেন এবং তাকে নিজের পেছনে বসিয়ে চুপিসারে কিছু বললেন। বিষয়বস্তু কি ছিল সে ব্যাপারে আমার জ্ঞান নেই। অতঃপর আমি হযরত ফাতেমার দিকে ভ্রুক্ষেপ করলে দেখলাম যে, তিনি কাঁদছেন। এরপর হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার দিকে মনোনিবেশ করলেন এবং আমার সাথে কথাবার্তা বললেন। এরপর তার দিকে নজর দিয়ে তার (ফাতেমা) সাথে রসিকতা করলেন এবং চুপিসারে (আরো) কিছু বললেন। আমি দেখলাম যে, এতে ফাতেমা হাঁসতে লাগলেন। যখন হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উঠে বাইরে গেলেন, তখন আমি

১০. তাবারানী, আল-মু'জামুল কবির, ২২:৪২০, হাদীস : ১০৩৬
১১. দুলাবী, আয যুর্রিয়্যাতুত তাহিরাহ, পৃ. ১০০, হাদীস : ১৮৫
১২. মুযযী, তাহযিবুল কামাল, ৩৫শ:২৫৩
১৩. ইসবাহানী, দলায়েলুন নুবুওয়্যাহ, পৃ. ৯৮
১৪. যাহাবী, মু'জামুল মুহাদ্দেসীন, পৃ. ১৩-১৪; এতে তিনি এই হাদিসটিকে হযরত আয়েশা রাদিআল্লাহু আনহু হতে মুত্তাফাক আলাইহি হাদিস হিসেবে আখ্যা দিয়েছেন।

ফাতেমাকে জিজ্ঞাসা করলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনাকে চুপিসারে কি বলেছেন? তিনি (ফাতেমা) বললেন, যে কথা চুপিসারে আমাকে বলেছেন, তা আমি আপনাকে বলবনা। আমি (আয়েশা) বললাম, আমি আপনাকে আল্লাহর ও আত্মীয়তার বন্ধনের দোহাই দিচ্ছি। ফাতেমা বললেন, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে নিজের ওফাতের কথা বলেছেন যে, তাঁর বিদায়ের পালা এসে গেছে। সুতরাং আমি তাঁর বিচ্ছেদে কেঁদেছি। এরপর হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার দিকে দৃষ্টি দিয়ে চুপিসারে বললেন যে, আহলে বাইতের মধ্য হতে সর্বপ্রথম আমিই তাঁর সাথে মিলিত হব। তাই আমি তাঁর সাক্ষাতের সুসংবাদে হেঁসে পড়েছি।[৯০]

৯০ তাবরানী, আল-মু'জামুল কবির, ২২শ:৪২০, হাদীস : ১০৩৫

২১শ পরিচ্ছেদ

فَاطِمَةُ سَلَامُ اللهِ عَلَيْهَا شَجْنَةٌ مِنَ النَّبِيِّ ﷺ

হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহা নববী বৃক্ষের ফলবান শাখা

٥٩. عَنِ الْمِسْوَرِ، قَالَ : ... قَالَ (رَسُوْلُ اللهِ ﷺ) : «فَاطِمَةُ شُجْنَةٌ مِنِّي يَبْسُطُنِي مَا بَسَطَهَا وَيَقْبِضُنِي مَا قَبَضَهَا».

হযরত মিসওয়ার রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, ফাতেমা আমার ফলবান বৃক্ষের শাখা। তার আনন্দ আমাকে আনন্দ দেয় এবং তার বিষণ্নতা আমাকে বিষণ্ন করে তুলে।[৬১]

٦٠. عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا رفعه : أَنَا شَجَرَةٌ، وَفَاطِمَةُ حَمْلُهَا، وَعَلِيٌّ لِقَاحُهَا، وَالْحَسَنُ وَالْحُسَيْنُ ثَمَرَتُهَا، وَالْمُحِبُّوْنَ أَهْلَ الْبَيْتِ وُرَقُهَا، مِنَ الْجَنَّةِ حَقًّا حَقًّا.

হযরত ইবনে আব্বাস রাদিআল্লাহু আনহুমা হতে মারফূ সূত্রে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, আমি একটি বৃক্ষ, ফাতেমা এর ডাল, আলী রাদিআল্লাহু আনহু এর পুষ্পকলি। হাসান ও হুসাইন রাদিআল্লাহু আনহুমা এর ফল। আর আহলে বাইতদের প্রেমিকরা এর পত্র। এরা সকলেই জান্নাতি। এ কথাটি সত্য! সত্য!!।[৬২]

---

[৬১] ১. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ৪:৩৩২
২. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৬৫, হাদীস : ১৩৪৭
৩. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৬৮, হাদীস : ৪৭৩৪
৪. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩২৬, হাদীস : ২৯৫৬
৫. তাবরানী, আল-মু'জামুল কবির, ২০:২৫, হাদীস : ৩০
৬. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪০৫, হাদীস : ১০১৪
৭. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:২০৩; এতে তিনি বলেন, হাদিসটি তাবরানী কর্ণনা করেছেন এবং উম্মে বকর ইবনে মিসওয়ারের ওপর জরাহ (ত্রুটি চিহ্নিত) করেছেন। কেউ তাকে সিকাহ বলেননি। অথচ এর অবশিষ্ট রাবীদেরকে সিকাহ বলেছেন।
৮. যাহাবী, সি'আরু আলামিন নুবালা, ২:১৩২

[৬২] ১. দায়লমী, আল-ফিরদাউস বি মা'ছুরিল খিতাব, ১:৫২, হাদীস : ১৩৫

২২শ পরিচ্ছেদ

شَهَادَةُ النَّبِيِّ ﷺ لِعِفَّةِ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا وَعَرْضُهَا

হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার সতীত্বের স্বাক্ষী স্বয়ং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

٦١. عَنْ عَبْدِ اللهِ، قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ : «إِنَّ فَاطِمَةَ أَحْصَنَتْ فَرْجَهَا، فَحَرَّمَ اللهُ ذُرِّيَّتَهَا عَلَى النَّارِ».

হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, নিঃসন্দেহে ফাতেমা স্বীয় সতীত্বকে এভাবে সংযম ও হেফাযত করেছেন যে, আল্লাহ তা'আলা তার সন্তানদের ওপর জাহান্নামের আগুন হারাম করে দিয়েছেন।[৬৩]

٦٢. عَنْ عَبْدِ اللهِ، قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ : «إِنَّ فَاطِمَةَ حَصَّنَتْ فَرْجَهَا، وَإِنَّ اللهَ ﷻ أَدْخَلَهَا بِإِحْصَانِ فَرْجِهَا وَذُرِّيَّتَهَا الْجَنَّةَ».

হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, নিঃসন্দেহে ফাতেমা (সালামুল্লাহি আলাইহা) স্বীয় সতীত্বকে এভাবে সংযম ও হেফাযত করেছেন যে, আল্লাহ তা'আলা তার সতীত্বের উছিলায় তাকে এবং তার সন্তানদেরকে জান্নাতে প্রবেশ করিয়ে দিয়েছেন।[৬৪]

---

২. সাখাবী, ইসতিজলাবু ইরতিকায়িল গুরুফ বি-হুব্বি আকরাবায়িল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও জবিশ শরফ, পৃ. ৯৯

[৬৩] ১. বাযযার, আল-মুসনাদ, ৫:২২৩, হাদীস : ১৮২৯
২. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৬৫, হাদীস : ৪৭২৬
৩. আবু নায়ীম, হিলয়াতুল আওলিয়া ওয়া তাবকাতুল আসফিয়া, ৪:১৮৮, যাহাবী হাদিসটি মিযানুল ই'তিদাল ফি নকদির রিজাল, ৫:২৬১; এতে তিনি হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ হতে মারফু আখ্যা দিয়েছেন।
৪. মুনাবী, ফয়জুল কাদীর, ২:৪৬২

[৬৪] ১. তাবরানী, আল-মু'জামুল কবির, ৩:৪১, হাদীস : ২৬২৫

২৩শ পরিচ্ছেদ

أَمَرَ اللهُ النَّبِيَّ ﷺ لِتَزْوِيْجِ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا مِنْ عَلِيِّ بْنِ أَبِيْ طَالِبٍ ﷺ

হযরত আলী রাদিআল্লাহু আনহুর সাথে হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার বিয়ের নির্দেশ স্বয়ং আল্লাহ তা'আলাই দিয়েছেন

٦٣. عَنْ عَبْدِ اللهِ بن مَسْعُودٍ، عَنْ رَسُولِ اللهِ ﷺ، قَالَ: «إِنَّ اللهَ أَمَرَنِي أَنْ أُزَوِّجَ فَاطِمَةَ مِنْ عَلِيٍّ رَضِيَ اللهُ تَعَالَى عَنْهُمَا».

হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, আল্লাহ তা'আলা আমাকে নির্দেশ দিয়েছেন যেন ফাতেমা সালামুল্লাহি আলাইহাকে আলীর সাথে বিয়ে দিই।[৬৫]

٦٤. (قَالَ رَسُوْلُ اللهِ ﷺ) : يَا أَنَسُ! أَتَدْرِيْ مَا جَاءَنِيْ بِهِ جِبْرِيْلُ مِنْ عِنْدِ صَاحِبِ

২. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:২০৩
৩. মুনাবী, ফয়জুল কদীর, ২:৪৬৩

[৬৫] ১. তাবরানী, আল-মু'জামুল কবির, ১০:১৫৬, হাদীস : ১০৩০৫
২. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪০৭, হাদীস : ১০২০
৩. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:২০৪; এতে তিনি বলেছেন, হাদিসটি তাবারানী রিওয়ায়েত করেছেন এবং এর রাবীসমূহ সিকাহ।
৪. হালবী, আল-কাশফুল হাছীছ, ১:১৭৪
৫. হিন্দী, কানযুল উম্মাল, হাদীস : ৩২৮৯১ ও ৩২৯২৯
৬. হিন্দী, কানযুল উম্মাল, হাদীস : ১৩:৩৮১-৬৮২, হাদীস : ৩৭৭৫৩
৭. ইবনে জাওযী, তাযকেরাতুল খাওয়াস, পৃ. ২৭৬; এতে তিনি হযরত আবদুল্লাহ ইবনে বুরাইদা রাদিআল্লাহু আনহু হতে হাদিসটি বর্ণনা করেছেন।
৮. হুসাইনী, আল-বয়ান ওয়াত তা'রিফ, ১:১৭৪, হাদীস : ৪৫৫; এতে তিনি বলেছেন, হাদিসটি ইবনে আসাকির এবং খতিবে বাগদাদী হযরত আনাস ইবনে মালেক রাদিআল্লাহু আনহু হতে বর্ণনা করেছেন।
৯. মুনাবী, ফয়জুল কদীর, ২:২১৫

الْعَرْشِ؟ قَالَ : «إِنَّ اللهَ أَمَرَنِيْ أَنْ أُزَوِّجَ فَاطِمَةَ مِنْ عَلِيٍّ».

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, হে আনাস! তুমি কি জান জিবরাইল আলাইহিস সালাম আমার নিকট আরশের অধিপতির কি সংবাদ নিয়ে এসেছেন? অতঃপর বললেন, আল্লাহ তা'আলা আমাকে নির্দেশ দিয়েছেন যেন ফাতেমাকে (সালামুল্লাহি আলাইহা) আলীর সাথে বিয়ে দিই।[৬৬]

[৬৬] ১. হুসাইনী, আল-বয়ান ওয়াত তা'রিফ, ২:৩০১, হাদীস : ১৮০৩; এতে তিনি বলেছেন, হাদিসটি কসবীনী, ইবনে আসাকির এবং খতিবে বাগদাদী হযরত আনাস ইবনে মালেক রাদিআল্লাহু আনহু হতে বর্ণনা করেছেন।
২. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৭১

২৪শ পরিচ্ছেদ

حَفْلُ زِفَافِ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا فِي الْمَلَاءِ الْأَعْلَى وَمَشَارِكَةِ أَرْبَعِيْنَ أَلْفُ مَلَكٌ فِيْهِ

আল্লাহর সান্নিধ্যপ্রাপ্ত বিশেষ ফেরেশেতা দলের আসরে হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার বিয়ের অনুষ্ঠান এবং তাতে চল্লিশ হাজার ফেরেশেতার অংশগ্রহণ

٦٥. عَنْ أَنَسٍ ﷺ، قَالَ : بَيْنَمَا رَسُوْلُ اللهِ ﷺ فِي الْمَسْجِدِ، إِذْ قَالَ ﷺ لِعَلِيٍّ : «هَذَا جِبْرِيْلُ يُخْبِرُنِيْ أَنَّ اللهَ ﷻ زَوَّجَكَ فَاطِمَةَ، وَأَشْهَدَ عَلَى تَزْوِيْجِكَ أَرْبَعِيْنَ أَلْفَ مَلَكٍ، وَأَوْحَيَ إِلَى شَجَرَةِ طُوْبَي أَنْ انْثُرِي عَلَيْهِمِ الدُّرَّ وَالْيَاقُوْتَ فَنَثَرَتْ عَلَيْهِمِ الدُّرَّ وَالْيَاقُوْتَ، فَابْتَدَرَتْ إِلَيْهِ الْحُوْرُ الْعِيْنُ يَلْتَقِطْنَ مِنْ أَطْبَاقِ الدُّرِّ وَالْيَاقُوْتِ، فَهُمْ يَتَهَادُوْنَهُ بَيْنَهُمْ إِلَى يَوْمِ الْقِيَامَةِ.

হযরত আনাস রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে আগমন পূর্বক হযরত আলী রাদিআল্লাহু আনহুকে বললেন, ইনি জিবরাইল আলাইহিস সালাম। তিনি আমাকে এ সংবাদ দিচ্ছেন যে, আল্লাহ তা'আলা ফাতেমাকে তোমার সাথে বিয়ে দিয়েছেন এবং তোমাদের বিয়েতে চল্লিশ হাজার ফেরেশতাকে স্বাক্ষী হিসেবে বিয়ের আসরে হাজির করা হয়েছিল। আর 'তুবা' বৃক্ষকে নির্দেশ দেয়া হয়েছিল যেন এদের ওপর মুক্তা এবং ইয়াকুত (মূল্যবান পাথর) ছিটায়। অতঃপর চিত্তাকর্ষী নয়নবিশিষ্ট হুরেরা ঐ মুক্তা এবং ইয়াকুত দ্বারা পাত্র পূর্ণ করতে লাগল। যেগুলো তারা কিয়ামত পর্যন্ত পরস্পর হাদিয়া স্বরূপ বিনিময় করবে।[৬৭]

[৬৭] ১. মুহিব্বে তাবারী, আর রিয়াজুন নাদারাহ ফি মানাকিবিল আশারাহ, ৩:১৪৬; এতে তিনি বলেছেন, হাদিসটি মুল্লা আস সিরাহ'তে রিওয়ায়েত করেছেন।

٦٦. عَنْ عَلِيٍّ ﷺ، قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ ﷺ : «أَتَانِيْ مَلِكٌ، فَقَالَ : يَا مُحَمَّدُ! إِنَّ اللهَ تَعَالَى يَقْرَأُ عَلَيْكَ السَّلَامُ، وَيَقُوْلُ لَكَ : إِنِّيْ قَدْ زَوَّجْتُ فَاطِمَةَ ابْنَتَكَ مِنْ عَلِيِّ بْنِ أَبِيْ طَالِبٍ فِي الْمَلَأِ الْأَعْلَى، فَزَوِّجْهَا مِنْهُ فِي الْأَرْضِ».

হযরত আলী রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, আমার নিকট একজন ফেরেশতা এসে বলল, হে মুহাম্মদ! আল্লাহ তা'আলা আপনাকে সালাম দিয়েছেন এবং বলেছেন : আমি (আল্লাহ) আপনার কন্যা ফাতেমার বিয়ে হযরত আলী ইবনে আবি তালিবের সাথে ফেরেশতাদের একটি বিরাট জামাতে সম্পন্ন করেছি। সুতরাং আপনি ভূ-পৃষ্টেও ফাতেমার নেকাহ আলী রাদিআল্লাহু আনহুর সাথে দিন।[৬৮]

[৬৮] ২. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৭২

২৫শ পরিচ্ছেদ

دُعَاءُ النَّبِيِّ ﷺ لِفَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا وَذُرِّيَّتِهَا

হযরত ফতেমা সালামুল্লাহি আলাইহা এবং তার পরবর্তী বংশধরদের জন্য হযরত নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বরকতের দোয়া

٦٧. عَنْ أَنَسِ بن مَالِكٍ قَالَ : (دَعَا رَسُولَ اللهِ ﷺ لِفَاطِمَةَ) : «اللَّهُمَّ إِنِّي أُعِيذُهَا بِكَ وَذُرِّيَّتَهَا مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ».

হযরত আনাস ইবনে মালেক রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত,তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাতেমার জন্য বিশেষ দোআ করলেন: হে আল্লাহ! আমি তাকে (স্বীয় কন্যা) এবং তার সন্তানদেরকে অভিশপ্ত শয়তান থেকে আপনার আশ্রয়ে দিচ্ছি।[৬৯]

٦٨. عَنِ ابْنِ بُرَيْدَةَ، (قَالَ) : فَلَمَّا كَانَ لَيْلَةَ الْبِنَاءِ، قَالَ : يَا عَلِيُّ! لَا تُحْدِثْ شَيْئًا حَتَّى تَلْقَانِي، فَدَعَا رَسُولُ اللهِ ﷺ بِمَاءٍ، فَتَوَضَّأَ مِنْهُ ثُمَّ أَفْرَغَهُ عَلَى عَلِيٍّ، فَقَالَ : «اللَّهُمَّ بَارِكْ فِيهِمَا، وَبَارِكْ عَلَيْهِمَا، وَبَارِكْ لَهُمَا فِي شِبْلَيْهِمَا».

وَفِي رِوَايَةٍ : «وَبَارِكْ لَهُمَا فِي نَسْلَيْهِمَا».

[৬৯] ১. ইবনে হিব্বান, আস-সহীহ, ১৫:৩৯৪, ৩৯৫, হাদীস : ৬৯৪৪
২. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪০৯, হাদীস : ১০২১
৩. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৬২, হাদীস : ১৩৪২; এতে তিনি হাদিসটি হযরত আসামা ইবনে উমাইস রাদিআল্লাহু আনহু হতে শব্দের সামান্য ভিন্নতায় রিওয়ায়ত করেছেন।
৪. হায়সমী, মওয়ারিদুয জমআন, পৃ. ৫৪৯, ৫৫১, হাদীস : ২২২৫
৫. ইবনে জাওযী, তাযকেরাতুল খাওয়াস, পৃ. ২৭৭; এতে তিনি হাদিসটি সংক্ষেপে রিওয়ায়ত করেছেন।
৬. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৬৭

হযরত বুরাইদা রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত আলী ও ফাতেমার বাসর রাতে হযরত আলীকে বললেন, আমার সাক্ষাৎ ব্যতীত কোন কাজ করবেনা। অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)পানি তলব করলেন এবং তা দিয়ে ওযু করলেন। এরপর হযরত আলীর ওপর পানি ঢেলে দিয়ে বললেন, হে আল্লাহ! তাদেরকে বরকতময় করুন এবং তাদের ওপর বরকত নাযিল করুন। আর তাদের উভয়ের জন্য তাদের সন্তানদের মধ্যে বরকত দান করুন। হযরত বুরাইদা হতে দ্বিতীয় আরেকটি রেওয়ায়ত হচ্ছে, উভয়ের জন্য তাদের বংশধরদের মধ্যে বরকত দান করুন।[৭০]

[৭০] ১. নাসায়ী, আস-সুনান আল-কুবরা, ৬:৭৬, হাদীস : ১০০৮৮
২. নাসায়ী, আমালুল য়াওম ওয়াল লায়লাহ, পৃ. ২৫৩, হাদীস : ২৫৮
৩. রুয়ানী, আল-মুসনাদ, ১:৭৭, হাদীস : ৩৫
৪. তাবরানী, আল-মু'জামুল কবির, ২:২০, হাদীস : ১১৫৩
৫. ইবনে আসীর, উসুদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২১৭
৬. ইবনে সা'আদ, আত তাবকাতুল কুবরা, ৮:২১
৭. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:২০৯; এতে তিনি বলেছেন, হাদিসটি বাযযার ও তাবরানী রিওয়ায়েত করেছেন এবং এর রাবীসমূহ আব্দুল করিম ইবনে সুলাইতেরও রাবী, যাদেরকে ইবনে হিব্বান সিকাহ আখ্যা দিয়েছেন।
৮. আসকালানি, আল-ইসাবাহ ফি তাময়িয সাহাব, ৮:৫৬; এতে তিনি মধ্যে বলেছেন, এই হাদিসটি দুলাবী উত্তম সনদে রিওয়ায়েত করেছেন।
৯. দুলাবী, আয যুরিয়্যাতুত তাহিরাহ, পৃ. ৬৫, হাদীস : ৯৪
১০. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৭৪
১১. মুযী, তাহযিবুল কামাল, ১৭:৭৬; এতে তিনি এই হাদিসটি শব্দের সামান্য ভিন্নতায় রিওয়ায়ত করে বলেছেন, এই হাদিসটি নাসায়ী আমালুল য়াওম ওয়াল লায়লাহর মধ্যে রিওয়ায়ত করেছেন।

২৬শ পরিচ্ছেদ

لَمْ يُؤْذَنْ لِعَلِيٍّ بِزَوَاجِ ثَانٍ فِيْ حَيَاةِ لِفَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا الزَّهْرَاءِ

হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার জীবদ্দশায় হযরত আলী রাদিআল্লাহু আনহুকে দ্বিতীয় বিয়ের অনুমতি দেয়া হয়নি

٦٩. أَنَّ الْمِسْوَرَ بْنَ مَخْرَمَةَ حَدَّثَهُ، أَنَّهُ سَمِعَ رَسُولَ اللهِ ﷺ عَلَى الْمِنْبَرِ، وَهُوَ يَقُولُ : «إِنَّ بَنِي هِشَامِ بْنِ الْمُغِيرَةِ اسْتَأْذَنُونِي أَنْ يُنْكِحُوا ابْنَتَهُمْ، عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ، فَلَا آذَنُ لَهُمْ، ثُمَّ لَا آذَنُ لَهُمْ، ثُمَّ لَا آذَنُ لَهُمْ إِلَّا أَنْ يُحِبَّ ابْنُ أَبِي طَالِبٍ أَنْ يُطَلِّقَ ابْنَتِي وَيَنْكِحَ ابْنَتَهُمْ فَإِنَّمَا ابْنَتِي بَضْعَةٌ مِنِّي يَرِيبُنِي مَا رَابَهَا وَيُؤْذِينِي مَا آذَاهَا».

হযরত মিসওয়ার ইবনে মাখরামা রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মিম্বরে এ কথা বলতে শুনেছেন, তিনি বলেন, হিশাম ইবনে মুগিরাহ তার কন্যাকে আলী রাদিআল্লাহু আনহুর সাথে বিয়ে দেয়ার জন্য (আমার নিকট) অনুমতি প্রার্থনা করেছেন। আমি তাদেরকে অনুমতি দেবনা। (পুনরায়) বললেন, আমি তাদেরকে অনুমতি দেবনা। (আবার বললেন) আমি তাদেরকে অনুমতি দেবনা। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কথাও বললেন, ফাতেমা আমার শরীরের অংশ। তার বিষণ্নতা আমাকে বিষণ্ন করে তুলে এবং তার কষ্ট আমাকেও কষ্ট দেয়।[৭১]

[৭১] ১. মুসলিম, আস সহীহ, ৪:১৯০২, হাদীস : ২৪৪৯
২. তিরমিযী, আল-জামি আস-সহীহ, ৫:৬৯৮, হাদীস : ৩৮৬৭
৩. আবু দাউদ, আস সুনান, ২:২২৬, হাদীস : ২০৭১
৪. ইবনে মাজা, আস সুনান, ১:৬৪৩, হাদীস : ১৯৯৮
৫. নাসায়ী, আস-সুনান আল-কুবরা, ৫:১৪৭, হাদীস : ৮৫১৮
৬. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ৪:৩২৮
৭. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৫৬, হাদীস : ১৩২৮
৮. আবু আওয়ানা, আল-মুসনাদ, ৩:৬৯,-৭০, হাদীস : ৪২৩১

٧٠. أَنَّ الْمِسْوَرَ بْنَ مَخْرَمَةَ، قَالَ : (قَالَ رَسُولُ اللهِ ﷺ :) «إِنَّ فَاطِمَةَ بَضْعَةٌ مِنِّي، وَإِنِّي أَكْرَهُ أَنْ يَسُوءَهَا، وَاللهِ لَا تَجْتَمِعُ بِنْتُ رَسُولِ اللهِ ﷺ وَبِنْتُ عَدُوِّ اللهِ عِنْدَ رَجُلٍ وَاحِدٍ».

হযরত মিসওয়ার ইবনে মাখরামা রাদিআল্লাহু আনহু বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, নিঃসন্দেহে ফাতেমা আমার কলিজার টুকরো। আমি তার অসন্তুষ্টি পছন্দ করিনা। আল্লাহর শপথ! কোন ব্যক্তির নিকট রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কন্যা এবং আল্লাহর শত্রুর কন্যা একত্রিত হতে পারেনা।[৭২]

৯. বায়হাকী, আস-সুনান আল-কুবরা, ৭:৩০৭
১০. বায়হাকী, আস-সুনান আল-কুবরা, ১০:২৮৮
১১. হাকিম তিরমিযী, নওয়াদিরুল উসূল ফি আহাদিসির রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, ৩:১৮৪
১২. আবু নায়ীম, হুলয়াতুল আওলিয়া ওয়া তাবকাতুল আসফিয়া, ৭ম:৩২৫
১৩. ইবনে জাওযী, সিফাতুস সাফওয়া, ২:৭
১৪. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৭৯-৮০
১৫. ইবনে আসীর, উসুদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২১৭
১৬. শাওকানী, দুররুস সাহাবা ফি মানাকিবিল কারাবাহ ওয়াস সাহাবা, পৃ. ২৭৪

[৭২] ১. বুখারী, আস-সহীহ , ৩:১৩৬৪, হাদীস : ৩৫২৩
২. মুসলিম, আস সহীহ, ৪:১৯০৩, হাদীস : ২৪৪৮
৩. ইবনে মাজা, আস সুনান, ১:৬৪৪, হাদীস : ১৯৯৯
৪. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৫৯, হাদীস : ১৩৩৫
৫. ইবনে হিব্বান, আস-সহীহ, ১৫:৪০৭, ৪০৮, ৫৩৫, হাদীস : ৬৯৫৬, ৬৯৫৭, ৭০৬০
৬. তাবরানী, আল-মু'জামুল কবির, ২০:১৮, ১৯, হাদীস : ১৮, ১৯
৭. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪০৫, হাদীস : ১০১৩
৮. তাবরানী, আল-মু'জাম আস-সগীর, ২:৭৩, হাদীস : ৮০৪
৯. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:২০৩
১০. দুলাবী, আয যুর্রিয়াতুত তাহিরাহ, পৃ. ৪৭, ৪৮, হাদীস : ৫৬

২৭শ পরিচ্ছেদ

وَرَّثَ النَّبِيُّ ﷺ أَوْصَافَهُ لِأَبْنَاءِ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا الزَّهْرَاءِ

আওলাদে ফাতেমা সালামুল্লাহি আলাইহা নববী বৈশিষ্ট্যের উত্তরসূরি

٧١. عَنْ فَاطِمَةَ بِنتِ رَسُولِ اللهِ ﷺ، أَنَّهَا أَتَتْ بِالْحَسَنِ وَالْحُسَيْنِ إِلَى رَسُولِ اللهِ ﷺ فِي شَكْوَاهُ الَّذِي تُوُفِّيَ فِيهِ، فَقَالَتْ : يَا رَسُولَ اللهِ! هَذَانِ ابْنَاكَ فَوَرِّثْهُمَا شَيْئًا، فَقَالَ : أَمَّا الْحَسَنُ فَلَهُ هَيْبَتِي وَسُؤْدُدِي، وَأَمَّا حُسَيْنٌ فَلَهُ جُرْأَتِي وَجُودِي.

হযরত ফাতেমা বিনতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অন্তিম শয্যায় হযরত হাসান ও হুসাইনকে নিয়ে তাঁরই খিদমতে উপস্থিত হলেন এবং আরজ করলেন, হে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! এরা আপনার সন্তান (নাতি)। তাদেরকে কোন সম্পদের উত্তরাধিকারী বানিয়ে দিন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হাসানের জন্য আমার প্রতাপ ও নেতৃত্ব আর হুসাইনের জন্য হচ্ছে আমার বীরত্ব ও বদান্যতা।[৭৩]

[৭৩] ১. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪২৩, হাদীস : ১০৪১
২. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ২:২২২-২২৩, হাদীস : ৬২৪৫; এতে তিনি হাদিসটি হযরত আবু রাফে হতে বর্ণনা করেছেন।
৩. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ১:২৯৯, হাদীস : ৪০৮
৪. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৭০, হাদীস : ২৯৭১
৫. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:১৮৫; এতে তিনি মধ্যে বলেছেন, হাদিসটি তাবারানী রিওয়ায়েত করেছেন। অথচ এর রাবীকে আমার ধারণা নেই।
৬. আলবানী, আল-ইসাবাহ ফি তামযিয সাহাব, ৭:৬৭৪
৭. আলবানী, তাহযিবুত তাহযিব, ২:২৯৯
৮. মুযী, তাহযিবুল কামাল, ৬:৪০০
৯. হিন্দি, কানযুল উম্মাল, ১২:১১৭, হাদীস : ৩৪২৭২

২৮শ পরিচ্ছেদ

ذُرِّيَّةُ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا ذُرِّيَّةُ النَّبِيِّ ﷺ

আওলাদে ফাতেমা সালামুল্লাহি আলাইহা মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সন্তান

٧٢. عَنْ فَاطِمَةَ بِنتِ حُسَيْنٍ، عَنْ فَاطِمَةَ الْكُبْرَى، قَالَتْ : قَالَ رَسُولُ اللهِ ﷺ : «كُلُّ بَنِي أُمٍّ يَنْتَمُونَ إِلَى عَصَبَةٍ إِلا وَلَدَ فَاطِمَةَ، فَأَنَا وَلِيُّهُمْ وَأَنَا عَصَبَتُهُمْ».

হযরত ফাতেমাতুয যাহরা রাদিআল্লাহু আনহা হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, প্রত্যেক মায়ের সন্তান স্বীয় পিতার দিকে সম্পর্কিত হয় (কিন্তু) ফাতেমার আওলাদ ব্যতীত। আমিই তাদের অভিভাবক এবং আমিই তাদের পিতৃপুরুষ।[৭৪]

٧٣. عَنْ عُمَرَ رَضِيَ اللهُ تَعَالَى عَنْهُ، قَالَ : سَمِعْتُ رَسُولَ اللهِ ﷺ، يَقُولُ : «كُلُّ بَنِي أُنْثَى فَإِنَّ عَصَبَتَهُمْ لأَبِيهِمْ، مَا خَلا وَلَدَ فَاطِمَةَ فَإِنِّي أَنَا عَصَبَتُهُمْ، وَأَنَا أَبُوهُمْ».

[৭৪] ১. তাবরানী, আল-মু'জামুল কবির, ৩:৪৪, হাদীস : ২৬৩২
২. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪২৩, হাদীস : ১০৪২
৩. আবু ইয়ালা, আল-মুসনাদ, ১২:১০৯, হাদীস : ৬৭৪১
৪. দায়লামী, আল-ফিরদাউস বি মা'ছুরিল খিতাব, ৩:২৬৪, হাদীস : ৪৭৮৭
৫. খতিবে বাগদাদী, তারিখে বাগদাদ, ১১:২৮৫; এতে বর্ণিত হাদিসটিতে وليهم স্থলে ابوهم (তাদের পিতা) শব্দ রয়েছে।
৬. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৪:২২৪
৭. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:১৭২-১৭৩
৮. মুযী, তাহযিবুল কামাল, ১৯:৪৮৩
৯. হিন্দি, কানযুল উম্মাল, ১২:১১৬, হাদীস : ৩৪২৬৬
১০. সাখাবী, ইসতিজলাবু ইরতিকায়িল গুরুফ বি-হুব্বি আকরাবায়িল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও জবিস সরফ, পৃ. ১২৯
১১. সুনআনী, সুবুলুস সালাম, ৪:৯৯
১২. মুনাবী, ফয়জুল কাদীর, ৫:১৭
১৩. আজলুনী, কসফুল খেফা ওয়া মাযিলুল ইলবাস, ২:১৫৭, হাদীস : ১৯৬৮

২৯শ পরিচ্ছেদ

يَنْقَطِعُ كُلُّ نَسَبٍ وَسَبَبٍ يَوْمَ الْقِيَامَةِ إِلاَّ نَسَبَ فَاطِمَةَ سَلَامُ اللهِ وَسَبَبَهَا

হাশরের দিন হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার নসব ব্যতীত অন্য সব নসব ছিন্ন হয়ে যাবে

٧٥. عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ ﷺ، قَالَ : سَمِعْتُ رَسُولَ اللهِ ﷺ، يَقُولُ : «كُلُّ نَسَبٍ وَسَبَبٍ يَنْقَطِعُ يَوْمَ الْقِيَامَةِ إِلاَّ نَسَبِي وَسَبَبِي».

হযরত ওমর ইবনে খাত্তাব রাদিআল্লাহু আনহু হতে বর্ণনা করেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ কথা বলতে শুনেছি যে, আমার পিতৃত্ব ও সম্পর্ক ব্যতীত কিয়ামতের দিন অন্য সব পিতৃত্ব ও সম্পর্ক ছিন্ন হয়ে যাবে।[৭৭]

[৭৭] ১. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৫৩, হাদীস : ৪৬৮৪
২. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৬২৫,৬২৬, হাদীস : ১০৬৯, ১০৭০
৩. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৫৮, হাদীস : ১৩৩৩; এতে তিনি হাদিসটি মিসওয়ার ইবনে মাখরামা হতে রিওয়ায়েত করেছেন।
৪. বাযযার, আল-মুসনাদ, ১:৩৯৭, হাদীস : ২৭৪
৫. তাবরানী, আল-মু'জামুল কবির, ৩:৪৪, ৪৫, হাদীস : ২৬৩৩, ২৬৩৪
৬. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৫:৩৭৬, হাদীস : ৫৬০৬
৭. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৬:৩৫৭, হাদীস : ৬৬০৯
৮. দায়লমী, আল-ফিরদাউস বি মা'ছুরিল খিতাব, ৩:২৫৫, হাদীস : ৪৭৫৫
৯. মুকাদ্দেসী, আল-আহাদিসুল মুখতারা, ১:১৯৮, হাদীস : ১০২
১০. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:১৭৩; এতে তিনি বলেছেন, হাদিসটি তাবারানী আল-আওসাত এবং আল-কবিরের মধ্যে রিওয়ায়েত করেছেন এবং এর রাবীসমূহ সিকাহ।
১১. আবদুর রাজ্জাক, আল-মুসান্নাফ, ৬:১৬৩, ১৬৪, হাদীস : ১০৩৫৪
১২. বায়হাকী, আস সুনানুল কুবরা, ৭:৬৩, ৬৪, ১১৪
১৩. ইবনে সা'আদ, আত তাবকাতুল কুবরা, ৮:৪৬৩
১৪. দুলাবী, আয যুর্য়িয়াতুত তাহিরাহ, পৃ. ১১৫, ১১৬
১৫. আবু নায়ীম, হিলয়াতুল আওলিয়া ওয়া তাবকাতুল আসফিয়া, ৭:৩১৪
১৬. খতীবে বাগদাদ, তারিখে বাগদাদ, ৬:১৮২
১৭. ইবনে কাছীর, তাফসিরুল কুরআনিল আযিম, ৩:২৫৬
১৮. সাখাবী, ইসতিজলাবু ইরতিকায়িল গুরুফ বি-হুব্বি আকরাবায়িল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও জবিশ শরফ ,পৃ. ১২৬, ১২৭ ও ১২৮

হযরত ওমর ইবনে খাত্তাব রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ কথা বলতে শুনেছি যে, প্রত্যেক মহিলাদের সন্তানদের সম্পর্ক স্বীয় পিতার দিকে হয়ে থাকে কিন্তু আওলাদে ফাতেমা ব্যতীত। আমিই তাদের পিতৃপুরুষ এবং আমিই তাদের পিতা।[৭৫]

٧٤. عَنْ جَابِرٍ ﷺ، قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ : «لِكُلِّ بَنِي أُمٍّ عَصَبَةٌ يَنْتَمُونَ إِلَيْهِمْ إِلَّا ابْنَيْ فَاطِمَةَ فَأَنَا وَلِيُّهُمَا وَعَصَبَتُهُمَا».

হযরত জাবের রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, প্রত্যেক মায়ের সন্তানদের পিতা রয়েছে, যার দিকে তাকে সম্পৃক্ত করা হয়, ফাতেমার সন্তানদ্বয় ব্যতীত। আমিই তাদের অভিভাবক এবং আমিই তাদের পিতৃপুরুষ।[৭৬]

[৭৫] ১. তাবরানী, আল-মু'জামুল কবির, ৩:৪৪, হাদীস : ২৬৩১
২. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৬২৬, হাদীস : ১০৭০
৩. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৪:২২৪
৪. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৬:৩০১
৫. সাখাবী, ইসতিজলাবু ইরতিকায়িল গুরুফ বি-হুব্বি আকরাবায়িল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও জবিস সরফ, পৃ. ১২৭; এতে তাবারানী বর্ণনাকৃত রিওয়ায়েতটি নকল করেছেন এবং এর রাবীদেরকে সিকাহ আখ্যা দিয়েছেন।
৬. হুসাইনী, আল-বয়ান ওয়াত তা'রিফ, ২:১৪৪, হাদীস : ১৩১৪
৭. শাওকানী, নাইলুল আওতার শরহু মুনতাকাল আখবার, ৬:১৩৯
৮. মুনাবী, ফয়জুল কাদীর, ৫:১৭

[৭৬] ১. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৭৯, হাদীস : ৪৭৭০
২. সাখাবী, ইসতিজলাবু ইরতিকায়িল গুরুফ বি-হুব্বি আকরাবায়িল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও জবিশ শরফ,পৃ. ৩০

٧٦. عَنِ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ، يَقُولُ : قَالَ رَسُولُ اللهِ ﷺ : «كُلُّ نَسَبٍ وَصِهْرٍ مُنْقَطِعٌ يَوْمَ الْقِيَامَةِ إِلا نَسَبِي وَصِهْرِي».

হযরত আবদুল্লাহ ইবনে জুবায়ের রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, আমার পিতৃত্ব ও সম্পর্ক ব্যতীত কিয়ামতের দিন অন্য সব পিতৃত্ব ও সম্পর্ক ছিন্ন হয়ে যাবে।[৭৮]

٧٧. عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ رَسُولَ اللهِ ﷺ، قَالَ : «كُلُّ سَبَبٍ وَنَسَبٍ مُنْقَطِعٌ يَوْمَ الْقِيَامَةِ إِلا سَبَبِي ونَسَبِي».

হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাদিআল্লাহু আনহুমা হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, আমার পিতৃত্ব ও সম্পর্ক ব্যতীত কিয়ামতের দিন অন্য সব পিতৃত্ব ও সম্পর্ক ছিন্ন হয়ে যাবে।[৭৯]

১৯. হুসাইনী, আল-বয়ান ওয়াত তা'রিফ, ১:২০৫, হাদীস : ১৩১৬

[৭৮] ১. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৪:২৫৭, হাদীস : ৪১৩২
২. তাবরানী, আল-মু'জামুল কবির, ১১:২৪৩, হাদীস : ১১৬২১; এতে তিনি এই অর্থের হাদিস হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাদিআল্লাহু আনহু হতে বর্ণনা করেছেন।
৩. তাবরানী, আল-মু'জামুল কবির, ২০:২৭, হাদীস : ৩৩; এতে তিনি হযরত মিসওয়ার ইবনে মাখরামা রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত হাদিসও বয়ান করেছেন।
৪. হিলাল, আস সুন্নাহ, ২:৪৩৩ ও ৬৫৫; এতে তিনি মধ্যে হযরত মিসওয়ার ইবনে মাখরামা রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত হাদিসের সনদকে হাসান আখ্যা দিয়েছেন।
৫. খতীবে বাগদাদ, তারিখে বাগদাদ, ১০:২৭১; এতে তিনি হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাদিআল্লাহু আনহু রিওয়ায়েত করেছেন।
৬. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ১০:১৭
৭. আসকালানী, তালখিসুল খবীর, ৩:১৪৩, হাদীস : ১৪৭৭

[৭৯] ১. তাবরানী, আল-মু'জামুল কবির, ১১:২৪৩, হাদীস : ১১৬২১
২. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯:১৭৩; এতে তিনি বলেছেন, হাদিসটি তাবারানী রিওয়ায়েত করেছেন এবং এর রাবীসমূহ সিকাহ।
৩. খতীবে বাগদাদ, তারিখে বাগদাদ, ১০:২৭১
৪. সাখাবী, ইসতিজলাবু ইরতিকায়িল গুরুফ বি-হুব্বি আকরাবায়িল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও জবিশ শরফ, পৃ. ১৩৩

৩০শ পরিচ্ছেদ

إِنَّهَا أَوَّلُ أَهْلِ النَّبِيِّ ﷺ لُحُوْقًا بِهِ بَعْدَ وَفَاتِهِ

হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অন্তর্ধানের পর হযরত ফাতেমা রাদিআল্লাহু আনহাই সর্বপ্রথম তাঁর সাথে মিলিত হবেন

٧٨. عَنْ عَائِشَةَ ﵂، قَالَتْ : دَعَا النَّبِيُّ ﷺ فَاطِمَةَ ابْنَتَهُ فِي شَكْوَاهُ الَّذِي قُبِضَ فِيهِ، فَسَارَّهَا بِشَيْءٍ فَبَكَتْ، ثُمَّ دَعَاهَا، فَسَارَّهَا فَضَحِكَتْ، قَالَتْ فَسَأَلْتُهَا عَنْ ذَلِكَ. فَقَالَتْ : سَارَّنِي النَّبِيُّ ﷺ فَأَخْبَرَنِي : «أَنَّهُ يُقْبَضُ فِي وَجَعِهِ الَّذِي تُوُفِّيَ فِيهِ»، فَبَكَيْتُ، ثُمَّ سَارَّنِي فَأَخْبَرَنِي : «أَنِّي أَوَّلُ أَهْلِ بَيْتِهِ أَتْبَعُهُ فَضَحِكْتُ».

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের বিদায়শয্যায় স্বীয় কন্যা ফাতেমাকে ডাকলেন অতঃপর তাঁকে চুপিসারে কিছু বললে তিনি কান্নায় ভেঙ্গে পড়েন। এরপর তাঁকে আরো নিকটে ডেকে কিছু বললে তিনি হেঁসে পড়েন। হযরত আয়েশা সিদ্দিকা রাদিআল্লাহু আনহা বলেন, এ ব্যাপারে আমি হযরত ফাতেমাকে জিজ্ঞাসা করলে তিনি বললেন, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে কানে কানে বললেন যে, এই রোগেই তাঁর অন্তর্ধান হবে। এতে আমি কাঁদতে লাগলাম। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চুপিসারে বললেন : আমার পরিবারের মধ্য হতে সর্বপ্রথম তুমিই আমার পরে আসবে। এতে আমি হেঁসে পড়েছি।[৮০]

[৮০] ১. বুখারী, আস-সহীহ, ৩:১৩২৭, ১৩৬১, হাদীস : ৩৪২৭, ৩৫১১
২. বুখারী, আস-সহীহ, ৪:১৬১২, হাদীস : ৪১৭০
৩. মুসলিম, আস সহীহ, ৪:১৯০৪, হাদীস : ২৪৫০
৪. নাসায়ী, আস-সুনান আল-কুবরা, ৫:৯৫৭, হাদীস : ৮৩৬৬
৫. নাসায়ী, ফাযায়িলুস সাহাবা, পৃ. ৭৭, হাদীস : ২৬২
৬. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ৬:২৪০, ২৮২
৭. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ৬:২৮৩; এতে তিনি মধ্যে এই হাদিসটি হযরত জাফর ইবনে আমর ইবনে উমাইয়া রাদিআল্লাহু আনহু হতেও রিওয়ায়েত করেছেন।

٧٩. عَنْ عَائِشَةَ، عَنْ فَاطِمَةَ، أَنَّ النَّبِيَّ ﷺ، قَالَ لَهَا : «أَنْتِ أَوَّلُ أَهْلِي لُحُوقًا بِي فَضَحِكَتْ لِذَلِكَ».

উম্মুল মু'মিনীন হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা হযরত ফাতেমার সূত্রে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেন, আমার পরিবারবর্গ হতে (আমার অন্তর্ধানের পর) তুমিই সর্বপ্রথম আমার সাথে মিলিত হবে। তখন আমি আনন্দে হেঁসে পড়েছি।[৮১]

٨٠ عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ ﷺ لِفَاطِمَةَ : «أَنْتِ أَوَّلُ أَهْلِي لُحُوْقًا بِي».

হযরত ইবনে আব্বাস রাদিআল্লাহু আনহুমা হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাতেমাকে বললেন, আমার পরিবারবর্গ হতে (আমার অন্তর্ধানের পর) তুমিই সর্বপ্রথম আমার সাথে মিলিত হবে।[৮২]

٨١. عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ : لَمَّا نَزَلَتْ ﴿إِذَا جَاءَ نَصْرُ اللهِ وَالْفَتْحُ﴾ [النصر ١١٠:١] دَعَا رَسُولُ اللهِ ﷺ فَاطِمَةَ فَقَالَ : «قَدْ نُعِيَتْ إِلَيَّ نَفْسِي». فَبَكَتْ فَقَالَ : «لاَ تَبْكِي، فَإِنَّكِ أَوَّلُ أَهْلِي لاَحِقٌ بِي». فَضَحِكَتْ فَرَآهَا بَعْضُ أَزْوَاجِ النَّبِيِّ ﷺ فَقُلْنَ : يَا فَاطِمَةُ! رَأَيْنَاكِ بَكَيْتِ ثُمَّ ضَحِكْتِ. قَالَتْ : إِنَّهُ أَخْبَرَنِي أَنَّهُ قَدْ نُعِيَتْ إِلَيْهِ نَفْسُهُ فَبَكَيْتُ، فَقَالَ لِي :«لاَ تَبْكِي، فَإِنَّكِ أَوَّلُ أَهْلِي لاَحِقٌ بِي». فَضَحِكْتُ.

৮. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৫৪, হাদীস : ১৩২২
৯. ইবনে হিব্বান, আস-সহীহ, ১৫:৪০৪, হাদীস : ৬৯৫৪
১০. ইবনে আবী শায়বাহ, আল-মুসান্নাফ, ৬:৩৮৮, হাদীস : ৩২৭০
১১. আবু ইয়ালা, আল-মুসনাদ, ১২:১২২, হাদীস : ৬৭৫৫
১২. হাকিম তিরমিযী, নওয়াদিরুল উসূল ফি আহাদিসির রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, ৩:১৮২
১৩. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪২১, হাদীস : ১০৩৭
১৪. ইবনে সা'আদ, আত তাবকাতুল কুবরা, ২:২৪৭
১৫. যাহাবী, সি'আরু আলামিন নুবালা, ২:১৩১

[৮১] ১. ইবনে আবী শায়বাহ, আল-মুসান্নাফ, ৭:২৬৯, হাদীস : ৩৫৯৮০
২. শায়বানী, আল-আহাদ ওয়াল মাসানী, ৫:৩৫৭-৩৫৮ হাদীস : ২৯৪২ ও ২৯৪৫

[৮২] ১. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৬৪, হাদীস : ১৩৪৫
২. আহমদ ইবনে হাম্বল, আল-ইলাল ওয়া মা'রিফাতুর রিজাল, ২:৪০৭, হাদীস : ২৮২৮; এতে তিনি জাফর ইবনে ওমর ইবনে উমাইয়া হতেও রিওয়ায়েত করেছেন।
৩. আবু নায়ীম, হুলয়াতুল আওলিয়া ওয়া তাবকাতুল আসফিয়া, ২:৪০

হযরত ইবনে আব্বাস রাদিআল্লাহু আনহুমা হতে বর্ণিত, যখন কুরআন মজীদের এ আয়াত 'যখন আল্লাহ তা'আলার সাহায্য ও বিজয় এসে গেছে' অবতীর্ণ হল তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত ফাতেমাকে ডেকে বললেন, আমার বিদায়ের সংবাদ এসে গেছে। এতে তিনি (ফাতেমা) কান্নায় ভেঙ্গে পড়লেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, কেঁদো না, নিঃসন্দেহে তুমিই আমার পরিবারবর্গদের মধ্য হতে সর্বপ্রথম আমার সাথে মিলিত হবে। এতে সে হেসে পড়ল। এ ঘটনা হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কতিপয় বিবিগণও দেখলেন। তাঁরা বললেন, হে ফাতেমা! (কি ঘটল) আমরা প্রথমে তোমাকে কাঁদতে দেখলাম এবং পরে দেখলাম হাঁসছেন!তিনি বললেন, হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেন, আমার বিদায়ের পালা এসে গেছে, এতে আমি কেঁদেছি। অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, কেঁদো না, তুমিই সর্বপ্রথম আমার পরিবারবর্গ হতে আমার সাথে মিলিত হবে। এতে আমি হেঁসে পড়েছি।[৮৩]

[৮৩] ১. দারমী, আস-সুনান, ১:১৫১, হাদীস : ৭৯
২. ইবনে কসীর, তাফসিরুল কুরআনিল আযীম, ৪:৫৬১

৩১শ পরিচ্ছেদ

إِنَّهَا عَلِمَتْ بِوَفَاتِهَا

হযরত ফাতেমা রাদিআল্লাহু আনহা নিজ ওফাত সম্পর্কে জানতেন

٨٢. عَنْ أُمِّ سَلْمَى، قَالَتِ : اشْتَكَتْ فَاطِمَةُ شَكْوَاهَا الَّتِى قُبِضَتْ فِيهِ، فَكُنْتُ أُمَرِّضُهَا فَأَصْبَحَتْ يَوْماً كَأَمْثَلِ مَا رَأَيْتُهَا فِى شَكْوَاهَا تِلْكَ. قَالَتْ : وَخَرَجَ عَلِيٌّ لِبَعْضِ حَاجَتِهِ، فَقَالَتْ : يَا أُمَّهِ! اسْكُبِى لِى غُسْلاً. فَسَكَبْتُ لَهَا غُسْلاً فَاغْتَسَلَتْ كَأَحْسَنِ مَا رَأَيْتُهَا تَغْتَسِلُ، ثُمَّ قَالَتْ : يَا أُمَّهْ! أَعْطِينِى ثِيَابِىَ الْجُدُدَ. فَأَعْطَيْتُهَا فَلَبِسَتْهَا، ثُمَّ قَالَتْ : يَا أُمَّهْ! قَدِّمِى لِى فِرَاشِى وَسَطَ الْبَيْتِ. فَفَعَلْتُ وَاضْطَجَعَتْ وَاسْتَقْبَلَتِ الْقِبْلَةَ وَجَعَلَتْ يَدَهَا تَحْتَ خَدِّهَا، ثُمَّ قَالَتْ : يَا أُمَّهْ! إِنِّى مَقْبُوضَةٌ الآنَ وَقَدْ تَطَهَّرْتُ، فَلاَ يَكْشِفُنِى أَحَدٌ. فَقُبِضَتْ مَكَانَهَا. قَالَتْ فَجَاءَ عَلِيٌّ فَأَخْبَرْتُهُ.

হযরত উম্মে সালমা রাদিআল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, হযরত ফাতেমার (সালামুল্লাহি আলাইহা) অন্তিম শয্যায় আমি তাঁর সেবা করতাম। অসুস্থতার এ পুরো সময়ে আমার দেখা মতে একদিন সকালে তাঁর অবস্থা কিছুটা উন্নতি হয়েছিল। হযরত আলী রাদিআল্লাহু আনহু কোন কাজে বাইরে গিয়েছিলেন। ফাতেমা বললেন, হে আম্মা? আমার গোসলের জন্য পানির ব্যবস্থা করুন। আমি পানির ব্যবস্থা করলাম। আমার দেখা মতে তিনি খুবই ভালমতে গোসল সেরেছেন। অতঃপর বললেন, হে আম্মা! আমাকে নতুন পোষাক দিন! আমি দিলাম তিনি পরিধান করলেন। (এরপর) তিনি বললেন স্বীয় বিছানা কামরার মাঝখানে করার জন্য। আমি তা করার পর তিনি কিবলামূখী হয়ে শুয়ে

গেলেন। হাত রাখলেন গালের ওপর। অতঃপর বললেন, হে আম্মা! এখন আমার ওফাত হবে। আমি পবিত্রতা অর্জন করেছি। সুতরাং কেউ যেন আমাকে বস্ত্রহীন না করে। অতঃপর এ স্থানে তাঁর ওফাত হয়ে গেল। উম্মে সালমা রাদিআল্লাহু আনহা বলেন, অতঃপর হযরত আলী রাদিআল্লাহু আনহু আগমন করলে আমি তাঁকে হযরত ফাতেমার ওফাত-সংবাদ দিই।[৮৪]

[৮৪] ১. আহমদ ইবনে হাম্বল, আল-মুসনাদ, ৬:৪৬১-৪৬২
২. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৬২৯ ও ৭২৫, হাদীস : ১০৭৪ ও ১২৪৩
৩. দুলাবী, আয-যুর্য়িয়াতুত তাহিরাহ, পৃ. ১১৩
৪. হায়সমী, মজমাউয যাওয়ায়েদ, ৯ম:২১১
৫. জায়লয়ী, নাসবুর রায়া, ২:২৫০
৬. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ১০৩
৭. ইবনে আসীর, উছদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২২১

৩২শ পরিচ্ছেদ

غَضَّ أَهْلَ الْجَمْعِ أَبْصَارَهَا عِنْدَ مُرُوْرِ

فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا يَوْمَ الْقِيَامَةِ إِكْرَامًا لَّهَا

কিয়ামতের দিন হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার আগমনে উপস্থিত সকলে স্বীয় দৃষ্টি অবনত করে নেবে

٨٣. عَنْ عَلِيٍّ ﷺ، قَالَ : سَمِعْتُ رَسُولَ اللهِ ﷺ يَقُولُ : «إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ نَادَى مُنَادٍ مِنْ وَرَاءِ الْحِجَابِ : يَا أَهْلَ الْجَمْعِ! غُضُّوا أَبْصَارَكُمْ عَنْ فَاطِمَةَ ﷺ بِنْتَ مُحَمَّدٍ ﷺ حَتَّى تَمُرَّ».

হযরত আলী রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ কথা বলতে শুনেছি যে, কিয়ামতের দিন একজন আহবানকারী পর্দার অন্তরাল হতে ডাক দিবেন যে, হে আহলে মাহশার! (হাশরের ময়দানের সকল উপস্থিতি) নিজেদের দৃষ্টি অবনত করে নাও, যাতে ফাতেমা বিনতে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অতিক্রম করে (বেহেশতের দিকে চলে) যায়।[৮৫]

٨٤. عَنْ عَلِيٍّ ﷺ، قَالَ : قَالَ النَّبِيُّ ﷺ : إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ، قِيلَ : يَا أَهْلَ الْجَمْعِ! غُضُّوا أَبْصَارَكُمْ لِتَمُرَّ فَاطِمَةُ بِنْتُ مُحَمَّدٍ ﷺ فَتَمُرَّ، وَعَلَيْهَا رِيطَتَانِ خَضْرَاوَانِ.

[৮৫] ১. হাকেম, আল-মুসতাদরক, ৩:১৬৬, হাদীস : ৪৭২৮
২. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৯৪
৩. ইবনে আসীর, উসুদুল গাবাহ ফি মা'রিফাতিস সাহাবা, ৭:২২০
৪. আজলুনী, কশফুল খেফা ওয়া মাযিলুল ইলবাহ, ১:১০১, হাদীস : ২৬৩

قَالَ أَبُوْ مُسْلِمٍ : قَالَ لِيْ أَبُوْ قِلَابَةُ وَكَانَ مَعَنَا عَبْدُ الْحَمِيْدِ أَنَّهُ، قَالَ : حَمْرَاوَانِ.

হযরত আলী রাদিআল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, কিয়ামতের দিন বলা হবে যে, হে আহলে মাহশার! (হাশরের ময়দানের সকল উপস্থিতি) নিজেদের দৃষ্টি অবনত করে নাও, যাতে ফাতেমা বিনতে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পথ অতিক্রম করে (চলে) যায় । তখন তিনি দুটি সবুজ চাদর মুড়িয়ে চলে যাবেন ।

আবু মুসলিম বলেন, আমাকে কিলাবা বলেছেন এবং আমাদের সাথে আবদুল হামিদও ছিলেন; হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন, হযরত ফাতেমা রাদিআল্লাহু আনহা দুটি লাল চাদর মুড়িয়ে পথ অতিক্রম করে যাবেন।[৮৬]

٨٥. عَنْ عَائِشَةَ، قَالَتْ : قَالَ النَّبِيُّ ﷺ : «يُنَادِي مُنَادٍ يَوْمَ الْقِيَامَةِ غُضُّوا أَبْصَارَكُمْ حَتَّى تَمُرَّ فَاطِمَةُ بِنْتُ مُحَمَّدٍ ﷺ».

হযরত আয়েশা রাদিআল্লাহু আনহা বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, কিয়ামতের দিন একজন আহবানকারী বলবেন, নিজেদের দৃষ্টি অবনত করে নাও যাতে ফাতেমা বিনতে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পথ অতিক্রম করে যায়।[৮৭]

٨٦. عَنْ أَبِيْ هُرَيْرَةَ، قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ ﷺ : « إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ نَادَى مُنَادٍ مِنْ بُطْنَانِ الْعَرْشِ، أَيُّهَا النَّاسُ! غُضُّوا أَبْصَارَكُمْ حَتَّى تَجُوْزَ فَاطِمَةُ إِلَى الْجَنَّةِ».

[৮৬] ১. হাকেম, আল-মুসতাদরাক, ৩:১৭৬, হাদীস : ৪৭৫৭
২. আহমদ ইবনে হাম্বল, ফাযায়িলুস সাহাবা, ২:৭৬৩, হাদীস : ১৩৪৪
৩. তাবরানী, আল-মু'জামুল কবির, ১:১০৮, হাদীস : ১৮০
৪. তাবরানী, আল-মু'জামুল কবির, ২২:৪০০, হাদীস : ৯৯৯
৫. তাবরানী, আল-মু'জাম আল-আওসাত, ৩:৩৫, হাদীস : ২৩৮৬
৬. হায়সামী, মজমাউয যাওয়ায়েদ, ৯:২১২

[৮৭] ১. খতীবে বাগদাদী, তারিখে বাগদাদ, ৮:১৪২
২. মুহিব্বে তাবারী, যখায়েরুল উকবা ফি মানাকিবি যবিল কুরবা, পৃ. ৯৪

হযরত আবু হুরাইরা রাদিআল্লাহু আনহু হতে মারফু সূত্রে বর্ণিত, কিয়ামতের দিন আরশের কেন্দ্রস্থল হতে একজন আহবানকারী ডাক দিবেন যে, হে আহলে মাহশার! নিজেদের মস্তক ও দৃষ্টি অবনত করে নাও যাতে ফাতেমা (সালামুল্লাহি আলাইহা) জান্নাতের দিকে যেতে পারে।[৮৮]

[৮৮] ১. আজলুনী, কশফুল খেফা ওয়া মাযিলুল ইলবাছ, ১:১০১, হাদীস : ২৬৩
২. হিন্দি, কানযুল উম্মাল, ১২:১০৬, হাদীস : ৩৪২১১
৩. হিন্দি, কানযুল উম্মাল, ১২:১০৬, হাদীস : ৩৪২১০; এতে তিনি বলেন, হাদিসটি আবু বকর, আল-গায়লানিয়াতে হযরত আবু আয়ুব আনসারী হতে কর্ণনা করেছেন।
৪. খতীবে বাগদাদী, তারিখে বাগদাদ, ৮:১৪১; এতে তিনি শব্দের সামান্য ভিন্নতায় হাদিসটি হযরত আয়েশা হতে রিওয়ায়েত করেছেন।
৫. হায়সমী, আস সওয়ায়িকুল মুহরিকা, ২:৫৫৭; এতে তিনি বলেন, হাদিসটি আবু বকর আল-গায়লানিয়াতে রিওয়ায়েত করেছেন।

৩৩শ পরিচ্ছেদ

مَنْظَرُ مَرُوْرِ فَاطِمَةَ سَلَامُ اللهِ عَلَيْهَا عَلَي الصِّرَاطِ

مَعَ سَبْعِيْنَ أَلْفَ جَارِيَةٍ مِنَ الْحَوَارِ الْعَيْنِ

হযরত ফাতেমা সালামুল্লাহি আলাইহার সত্তর হাজার হুর সমভিব্যহারে পুলসিরাত অতিক্রম করার দৃশ্য

